আরও চাকরির খবর ভেতরের পাতায়
কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার ...পৃঃ ১১

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে
২৯৮৯ গ্রুপ 'সি'
৫৪৮৮ গ্রুপ 'ডি'
নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৬ সংখ্যা ২৯ কলকাতা বুধবার, ১১ ফেব্রুয়ারি ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৮ মাঘ ১৪৩২ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

# পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ৫১৩৮

## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

দেশের ৫,১৩৮ জন স্নাতক তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রশিক্ষণের জন্য যোগ্যতামান যাচাইয়ের পরীক্ষা নেওয়া হবে মার্চ মাসে। প্রার্থীকে সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট ৫৩২টি আসনের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HRD/APPRENTICE/ADVT/2025-26.

**আসনসংখ্যার বিন্যাস:** পশ্চিমবঙ্গ: মোট আসন ৫৩২টি (সাধারণ ২২৭, তফসিলি জাতি ১২২, তফসিলি উপজাতি ২২, ওবিসি ১০৭, আর্থিক ভাবে অনগ্রসর ৫৪)। এর মধ্যে ২১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। জেলা অনুসারে আসন: বর্ধমান ৩০টি, দুর্গাপুর ২৮টি, হুগলি ৩১টি, খড়্গপুর ২৭টি, কলকাতা-উত্তর ৫৬টি, কলকাতা-দক্ষিণ (বেহালা) ৪৪টি, কলকাতা-পশ্চিম ৪৪টি, মালদা ২৫টি, মুর্শিদাবাদ ২৭টি, নদিয়া ২৭টি, নিউ জলপাইগুড়ি (শিলিগুড়ি) ২৪টি, উত্তর চব্বিশ পরগনা ৪০টি, পশ্চিম মেদিনীপুর ২৭টি, পূর্ব মেদিনীপুর ৩৬টি, পুরুলিয়া ৩৭টি, দক্ষিণ চব্বিশ পরগনা ২৯টি।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় স্নাতক। প্রার্থীকে স্থানীয় ভাষায় বলতে, পড়তে ও লিখতে জানতে হবে।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং বিধবা, বিবাহবিচ্ছিন্না, আইনত স্বামীবিচ্ছিন্না মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়সে ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ১২,৩০০ টাকা, কলকাতার ক্ষেত্রে ১৫,০০০ টাকা।

এরপর বারোর পাতায়

# কেন্দ্রীয় সরকারে ১০১৩

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রশাসনিক বিভাগে ১,০১৩ জন অফিসার নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করা হবে সিভিল সার্ভিসেস এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস এক্সামিনেশনের মাধ্যমে। তবে সিভিল সার্ভিসেস বা পরীক্ষায় সফলরা সিভিল সার্ভিসেস (মেন) অথবা ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস (মেন) অথবা উভয় পরীক্ষায় বসার জন্যই দরখাস্ত করতে পারবেন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন।

## সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা ২৪ মে

ফরেস্ট সার্ভিস বা উভয় সার্ভিসের জন্যই প্রথমে সিভিল সার্ভিস (প্রিলিমিনারি) পরীক্ষা দিতে হবে। এবারের 'সিভিল সার্ভিসেস (প্রিলিমিনারি) এক্সামিনেশন, ২০২৬' নেওয়া হবে ২৪ মে। প্রিলিমিনারি ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস এক্সামিনেশনের বিজ্ঞপ্তি নম্বর: 06/2026-IFoSE এবং ইন্ডিয়ান সিভিল সার্ভিসেস এক্সামিনেশনের বিজ্ঞপ্তি নম্বর: 05/2026-CSE.

এরপর তিনের পাতায়

# তিন হাজারেরও বেশি শূন্যপদে নিয়োগ চলছে অ্যাকসেঞ্চারে

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) ও ডেটা সায়েন্স নিয়ে কাজ করতে আগ্রহী? তথ্যপ্রযুক্তি সংস্থা অ্যাকসেঞ্চারে ৩,০০০-এরও বেশি শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া চলছে। আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন। সংস্থার কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে নিয়োগ হবে।

নিয়োগ হবে সাপ্লাই চেন অপারেশনস অ্যাসোসিয়েট, সাপ্লাই চেন অপারেশনস নিউ অ্যাসোসিয়েট, অ্যাপ্লিকেশন সাপোর্ট ইঞ্জিনিয়ার, ক্লাউড প্ল্যাটফর্ম ইঞ্জিনিয়ার, কাস্টম সফটওয়্যার ইঞ্জিনিয়ার, ডেটা প্ল্যাটফর্ম ইঞ্জিনিয়ার, সিকিউরিটি

## এখনই আবেদন করা যাচ্ছে

ডেলিভারি লিড, এআই/এমএল ইঞ্জিনিয়ার, বিজনেস প্রোসেস আর্কিটেক্ট প্রভৃতি পদে। গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। সাপ্লাই চেন অপারেশনস অ্যাসোসিয়েট ও সাপ্লাই চেন অপারেশনস নিউ অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ফ্রেশাররাও আবেদন করতে পারেন। অন্য পদগুলির ক্ষেত্রে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.accenture.com/in-en/careers/jobsearch বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

# ইন্ডিয়ান অয়েলে ৭৪৩ অ্যাপ্রেন্টিস

৭৪৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১/১৯৭৩ (সময়ানুসারে সংশোধিত) অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে ট্রেনিং দেওয়া হবে মথুরা ও পানিপত রিফাইনারিতে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। মথুরা রিফাইনারির ক্ষেত্রে বিজ্ঞপ্তি নম্বর MR/HR/APP3/2025-26 ও

এরপর চারের পাতায়

# ব্যাঙ্ক অব বরোদায় ২৭৩

## ম্যানেজার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, ডেপুটি ম্যানেজার

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, ডেপুটি ম্যানেজার ও ম্যানেজার পদে ২৭৩ জনকে নেবে ব্যাঙ্ক অব বরোদা। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও ডেপুটি ম্যানেজার নিয়োগ করা হবে প্রাথমিক ভাবে ৫ বছরের চুক্তিতে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ৫ বছর বৃদ্ধি পেতে পারে। ম্যানেজার পদের ক্ষেত্রে প্রথমে ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BOB/HRM/REC/ADVT/2026/06 (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও ডেপুটি ম্যানেজার পদের ক্ষেত্রে), BOB/HRM/REC/ADVT/2026/07 (ম্যানেজার পদের ক্ষেত্রে)।

**শূন্যপদের বিবরণ:** ডেপুটি ম্যানেজার (এমএসএমই রিলেশনশিপ): ৬২টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৯, ওবিসি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এমএসএমই সেলস): ১৭৭টি (সাধারণ ৬১, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ২০, ওবিসি ৪৭, আর্থিক ভাবে অনগ্রসর ২৯)। এর মধ্যে ১২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। মার্কেটিং বা ফিনান্সে এমবিএ বা পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট

এরপর বারোর পাতায়

# বেসিলে চাকরি

বিভিন্ন পদে ৭৫ জন কর্মী নেবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস (বেসিল)। এটি কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। চুক্তিতে নিয়োগ করা হবে জম্মুর অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেসে (এইমস)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 541.

**শূন্যপদের বিবরণ:** জুনিয়র টেকনিশিয়ান (এন্ডোস্কোপি): ৩টি। শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে বি এসসি। সঙ্গে ব্রঙ্কোস্কোপিতে (রিজিড অ্যান্ড ফ্লেক্সিবল) ১ বছরের সার্টিফিকেট কোর্স করে থাকলে বা ১

এরপর দুয়ের পাতায়

# রাজ্য বিদ্যুৎ সংস্থায় ১৩৮ অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনি

গ্র্যাজুয়েট এবং টেকনিশিয়ান (ডিপ্লোমা ও আইটিআই) ক্যাটেগরিতে ১৩৮ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি (ডব্লুবিএসইটিসিএল)। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ ও অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ (সময়ানুসারে সংশোধিত) অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: WBSETCL/Apprentice/2026/01.

ক্যাটেগরি অনুসারে আসন-সংখ্যার বিবরণ: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল): ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি-এ ১, ওবিসি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছর মেয়াদের বি ই বা বি টেক কোর্স পাশ।

**টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস:** ৫৮টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৩, ওবিসি-এ ৬, ওবিসি-বি ৪)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে ৩ বছর মেয়াদের ডিপ্লোমা কোর্স পাশ।

**টেকনিশিয়ান (আইটিআই) অ্যাপ্রেন্টিস:** ৬৯টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি-এ ৭, ওবিসি-বি ৫)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল, সেই সঙ্গে ওয়্যারম্যান বা ইলেক্ট্রিশিয়ান ট্রেডে এনসিভিটি অনুমোদিত ২ বছর মেয়াদের আইটিআই কোর্স পাশ।

মনে রাখবেন, ২০২৩ সাল বা তার পরে পাশ করা প্রার্থীরাই আবেদনের যোগ্য।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে অন্তত ১৮ বছর হতে হবে।

**স্টাইপেন্ড:** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ১০,৫০০ টাকা, ডিপ্লোমা ও আইটিআই ক্যাটেগরির ক্ষেত্রে যথাক্রমে ৯,৫০০ ও ৯,৩০০ টাকা।

এরপর সাতের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




ও আরও অনেক কিছু

স্বনির্ভরতার সন্ধান

# উপার্জনের দিশা দেখাচ্ছে ন্যাপথালিনের ব্যবসা



**পোশাক-আশাকের আলমারি আর বই ভর্তি তাক থেকে শুরু করে শৌচাগার, গুদাম, জাহাজের কন্টেনার— যেখানেই পোকামাকড় বা ব্যাকটেরিয়ার উপদ্রব হওয়ার সম্ভাবনা, সেখানেই প্রাথমিক সুরক্ষার জন্য চাই ন্যাপথালিন বল। বাজারে বছরভর চাহিদা থাকায় এই ব্যবসায় লাভ বেশ ভালো।**

**নিজস্ব প্রতিনিধি:** কাপড়, বইপত্র, গুদামজাত পণ্য পোকামাকড়ের হাত থেকে সুরক্ষিত রাখতে অত্যন্ত কার্যকরী ন্যাপথালিন।

## ন্যাপথালিন আসলে কী?

ন্যাপথালিন প্রকৃতপক্ষে অ্যারোম্যাটিক হাইড্রোকার্বন যৌগ। সাধারণত ন্যাপথালিন বল-ই বেশি ব্যবহার করা হয়। সাদা রঙের কঠিন ছোট ছোট গুলির মতো দেখতে ন্যাপথালিন বল কীটনাশক এবং এর সুগন্ধ রয়েছে। এগুলি খোলা জায়গায় রেখে দিলে সহজেই বাষ্পে পরিণত হয়।

## ন্যাপথালিনের চাহিদা বিশ্বময়

ন্যাপথালিন মূলত কীটনাশক হিসেবে ব্যবহৃত হয়। জামাকাপড়ের আলমারি বা বইপত্রের তাকে এই সুগন্ধী পদার্থটি পোশাকআশাক বা বই কেটে দেওয়া পোকাদের প্রতিহত করে। শৌচাগারে দুর্গন্ধ কমানোর পাশাপাশি ব্যাকটেরিয়া ও কীটপতঙ্গের আসা আটকায়। জাহাজ বা পণ্যবাহী কন্টেনারেও একই কারণে ন্যাপথালিন বিপুল পরিমাণে

এরপর দুয়ের পাতায়

# কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## কর্মখালি

অবসরপ্রাপ্ত Govt/ Pvt/ PSU/ Bank/ রেল/ গৃহবধূ/ ব্যবসায়ীদের (40-70) Part/Full Time জব Big Indian Co. in Kol. Huge Income+PF+Med. চন্দ— 90075-10903.

□

**Retd-Rail/Sail/Banker/গভঃ/Pvt/** VRS/ ব্যবসায়ী/ গৃহবধূ চাই ভারতের বৃহত্তম Co র Kol পার্ট/ফুল টাইম কাজ 25-70yr আয় 4-6Lac/pa+PF+ESI 72784-75626.

□

**HS (Sc./Com.)/B.Com/B.Sc/LL.B** required for Tax Firm near South City Mall. Send bio-data with expected salary to: agmg312@gmail.com

□

**ব্যারাকপুর ও হুগলীতে স্থায়ী অফিস** জবে কাগজ কলমে বসে কাজ HS+ 35-65 Retd ব্যাঙ্ক রেলকর্মী/ আর্মি/ টিচার মহিলা স্বাগত 35K+মেডিকেল 98743-59044.

□

**BFSI Hiring Fixed Salary (10-60k/PM)** Variable Position-Official Development Role + Bonus + PF/ Ex-Govt./ Pvt Empl/ Housewife. 62893-03389.

□

**মিষ্টির কারখানা ও দোকান পরিচালনার** জন্য 18-40 বয়সী অভিজ্ঞ, দক্ষ, কর্মঠ, পরিশ্রমী লোক চাই। থাকা-খাওয়া-সহ অন্যান্য সুযোগ সুবিধা। 90519-07295/ 99033-91116.

□

**Distribution co. asking candidates** with Tally & Excel experience 3yrs.+, CTC 2.50-3.00 Lakh p.a., Email-info@tardus.co.in

□

**Reputed MNC-তে স্থায়ী পদে নিয়োগ** চলছে। State/Central Govt Retd অগ্রগণ্য। Fixed Salary সহ more Facilities. সীমিত পদ। যোগাযোগ- 70039-02075.

□

## কর্মখালি

**বাংলাদেশী টাইপ নাটকের ইউটিউবে** মার্কেটিং এবং S.E.O করার অভিজ্ঞ লোক ফলের নিরিখে পেমেন্টের ভিত্তিতে চাই। 98044-36946.

□

**Accountants required in** JADAVPUR Office, Tally must, Salary 10000/- monthly. Contact- 90514-11111.

□

**দক্ষিণ কলকাতায় অধ্যাপক বিজ্ঞানী** স্বামী-স্ত্রীর গৃহে সর্বক্ষণের জন্য সর্বধরনের কাজের জন্য শিক্ষিতা মহিলা চাই। Mobile-86970-00791.

□

**Mohanta Public School, CBSE** Curriculum, Newtown-Kolkata-157. Wanted Trained Graduate Computer and Science Teachers. Send your CV-70447-74245.

□

**বড়বাজারে ঔষধের দোকানে Cashier** লাগবে, পুরুষ ও মহিলা Duty time 10.30 am to 8.30 pm, বয়স 35yrs এর মধ্যে। Ph. 98300-68525.

□

**Howrah St. John's High School** Requires 1) Office staff for Accounts, having knowledge of Trust, Tally & Daily Accounting, with a minimum of 5 yrs. of exp. 2) PGT/ TGT (ISC) English, Computer Teacher 3) TGT (Middle School) for All Subjects 4) Montessori Trained Teacher. Candidates having minimum of 2 yrs. exp. must send C.V. with Passport Size Photograph to 12, Hardutt Rai Chamaria Road, Howrah or Email: hsjhs12@yahoo.in within 7 days.

□

**St. John's High School Requires** 1) Office staff for Accounts knowledge of Trust, Tally & Daily Accounting; minimum 5 yrs. exp. 2) PGT (ISC Section) for Commerce & Accounts, Economics, Business Studies, History. Candidates having 2 yrs. exp. must send CV with passport size photograph to: Narayanpur, Battala, Kolkata-136 or Email: highschoolnpur@gmail.com within 7 days.

□

## কর্মখালি

**Experienced Male- Medical Tele-** Sales Person (English & Hindi Speaking) & Person for Tender in GEM Portal. Call- 85848-58454.

□

**Real Estate & Decor Co. needs** Smart Telecaller (F) & Mktg. Exe. (M/F) Freshers preferred (Salary+ Inc.) at Salt Lake, 98833-09280.

□

**দঃ কলিকাতায় ছোট পরিবারের জন্য** ২৪ ঘন্টার কাজের মহিলা চাই। ফোন- 98300-67245.

□

**নিউ আলিপুর ব্রাঞ্চে ম্যানেজার পদের** জন্য গৃহবধূ, রিটায়ার্ড ব্যক্তি ও যোগ্যতা: H.S+, বয়স: 35-68 নিয়োগ। 74390-99921.

□

**Blue Airways- গ্রাউন্ড স্টাফ, ট্রলিবয়,** হাউসকিপিং, রিশেপসনিস্ট, Peon, Checking, ব্যাক অফিস পুরুষ মহিলা চাই। বেতন 18K-56K PF, ESI, OT. 90883-00956.

□

**অবসোত্তর জীবনে 40-65 Top MNC-**তে উচ্চ আয় Retd Govt/Bank/Rly/ Army/ শিক্ষকদের Mngrl work Part Time বিদেশভ্রমণ+পদোন্নতি+Bonus Mr. Saha-98316-74368.

□

**Industrial Air Compressor** manufacturing company requires Freshers only, Diploma/Btech in Mech. Electrical, INSTRU, Electronics, Automobiles and ITI Refrigeration can apply. 1 year On-the-job training. Rs. 10,000/- Stipend pm+conv. for 1 year. Drop CV to info@squadairtech.com

□

**Urgent hiring delivery boy (two-**wheeler mandatory) & House-keeping for Ayurvedic Medicine Co. age upto 40yrs fixed Salary+ OT+TA. M-90514-49894 (10-6pm).

□

**ব্যারাকপুর অফিসে বসে কাজ। HS/** BA+ বয়স (25-65) আয় 35K+, RETD, VRS, BANK রেল ব্যবসায়ী ARMY টিচার ফ্রেসার ও গৃহবধূ নিয়োগ, নো টার্গেট 99036-40452.

□

## কর্মখালি

**আপনি কি অবসরপ্রাপ্ত? অবসর সময়ে** উচ্চ আয় করুন। Retd/VRS/ ব্যবসায়ীদের পার্টটাইম Manager পদ। 5Lac/PA+Foreign Trip. H.S+, 45-70. শম্পা— 90518-56051.

□

**পশ্চিমবঙ্গের Pvt দপ্তরে M/F নিয়োগ** চলছে। শূন্যপদ 2604, যোগ্যতা. অষ্টম-স্নাতক, বেতন 19K-56K, Ex আর্মিদের বিশেষ ছাড়। M. 89674-48526.

□

**Reputed Banking Gr.-র কলি** অফিসে Part-Time কাজে Retd/VRS/ গভঃ/PSU/Ex-Army/গৃহবধূ/ব্যবসায়ী 40-65yr-দের সসম্মানে আয়ের সুযোগ। 94331-89588.

□

**Project Work ফ্রি টাইমে স্বগৃহে/** Biodata, ফর্ম ফিলাপ/ Script লিখে/ Computer, ল্যাপটপ /স্মার্ট ফোনে টাইপ। 6K সপ্তাহে আয়। 98315-37449, 62915-24272.

□

**প্রখ্যাত কোম্পানির দক্ষিণ কলকাতার** অফিসে ম্যানেজার পদে কাজ করার সুবর্ণ সুযোগ অবসরপ্রাপ্তদের জন্য। Age: 40-70, HS+ আয়: 4 LPA. M: 82401-46669/91233-72147.

□

### Tele-Caller চাই

**রায় ও মার্টিন প্রকাশনী সংস্থার HS** পাস মহিলা Tele-Caller চাই। Bio-data Whatsapp করুন 80172-95555. কর্মস্থান: কলেজ স্ট্রিট, কলকাতা, Salary- 8000/-.

□

**Vacancies for Managerial Post** in Reputed Co. at Kol offi. Invite Retd Govt/PVT/Rly/Bank. Fixed Salary + PF + ESI. Age 30-70. 99998-10485.

□

**ITC H.L বিস্কফার্ম ইমামি ও অন্যান্য** প্রাইভেট কোং ও মলের জন্য T.C. Peon. S.V. স্টোরকিপার ম্যানেজার রিশেপসনিস্ট চাই। 16K-41K OT সহ PF ESI 90730-05504.

□

## কর্মখালি

**আদর্শবাণী অ্যাকাডেমী (উচ্চ বিদ্যালয়), WBBSE**

P.O.- বাগসরাই, গাজোল টোলপ্লাজার নিকট, Dist. মালদা। 732124, M.P. Index: R1-268. Apply within 15 days to The Secretary with biodata only, through email: adarshabanirecruitment@gmail.com or by post. Vacancy: 1. History, 2. English, 3. Geography Pass/Hons/ Master's (female preferable, all posts are residential, lodging and food are free). Salary: Negotiable, handsome, depends on experience, content of subject knowledge, multisubject teaching, etc. Date and Time of Interview & Written Test will be infromed later through sms/ whatsapp/ email Contact: 97495-00687, 86537-62926, 94747-94765.

□

**কলকাতার অফিসে Aditya Group-এ** Manager পদে উপযুক্ত পুরুষ/মহিলা নিয়োগ। বয়স: 21-62, Graduate. Fixed 25K Salary+Medical+PF. Ph: 90642-69437.

□

**বিখ্যাত MNC-তে Govt Retired/** Housewife-দের Office Job. বয়স: 45-70 yrs, HS+. Salary+PF+ESI, বিদেশ ভ্রমনের সুযোগ। যোগাযোগ: 91639-41729.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৪ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

## কর্মখালি

**WALK IN INTERVIEW**

রহমতে আলম মিশনে মধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিভাগের জন্য আবাসিক /অনাবাসিক-শিক্ষক/শিক্ষিকা প্রয়োজন। বিষয়: বাংলা, ইংরেজি, গণিত, জীবন-বিজ্ঞান, ভৌতবিজ্ঞান, জীববিদ্যা ও পদার্থবিদ্যা। বেতন সম্মান জনক। শিক্ষাগত যোগ্যতার প্রমাণ সহ সরাসরি ইন্টারভিউ 16ই ফেব্রুয়ারি (11AM) 2026 স্থান: রহমতে আলম মিশন, বেড়াচাঁপা দেগঙ্গা, উত্তর ২৪ পরগনা। যোগাযোগ: 033 6828-8851, 97338 15967.

□

**হাওড়া অফিসের কাজে H.S + 30 জন** M/F চাই। Age: 23 – 48. Salary - 18000/- P.M. Call : 91632-84225.

□

**যাদবপুরে বয়স্ক দুইজনের সংসারে 20-**30 বছরের Convent Educated পড়াশুনা জানা Personal Assistant দরকার। বেতন আলোচনা সাপেক্ষ। M: 97481-98744.

□

**কলকাতার নামী অফিসের জন্য Desk** Manager, বেসিক Comp জানা অফিস স্টাফ (50-65) 30K-60K, টেলিকলার ও মার্কেটিং স্টাফ 5K-7K প্রয়োজন। M- 83450-23181.

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# উপার্জনের দিশা দেখাচ্ছে ন্যাপথালিনের ব্যবসা

*প্রথম পাতার পর*

ব্যবহার করা হয়। এ ছাড়াও এই রাসায়নিক পদার্থটি বিভিন্ন ধরনের ডাই, রং এবং অন্য রাসায়নিক দ্রব্য তৈরিতে কাজে লাগে।

## চাহিদাই লাভজনক ব্যবসার ভিত্তি

বছরভর ন্যাপথালিনের চাহিদাই এই ব্যবসার স্থায়িত্ব এবং লাভের মূল ভিত্তি। বেকার তরুণ-তরুণীরা ন্যাপথালিন তৈরি করে উপার্জনের কথা ভাবতেই পারেন। প্রথমে অল্প পুঁজি নিয়ে ব্যবসা শুরু করুন। তবে তার আগে ব্যবসার জন্য সরকারি অনুমতি বা লাইসেন্স নিতে হবে।

## ন্যাপথালিন তৈরির উপকরণ ও মেশিন

ন্যাপথালিন বল তৈরির উপকরণ, ন্যাপথালিন পাউডার এবং আরও কিছু রাসায়নিক দ্রব্য। সবই পাইকারি দরে কিনতে পারবেন কলকাতার বড়বাজারে।

ন্যাপথালিন বল তৈরির সম্পূর্ণ স্বয়ংক্রিয় মেশিনের দাম ১ লক্ষ টাকা। এই মেশিনে ১ ঘণ্টায় ৭ হাজার ন্যাপথালিন বল তৈরি হয়। মেশিনের হপারে পাউডার ও রাসায়নিক নির্দিষ্ট মাপে দিয়ে মেশিন চালু করলেই বল আকারে ন্যাপথালিন তৈরি হয়ে বেরিয়ে আসবে। বলের আকার কতটা বড় বা ছোট হবে, সেটা নির্ভর করে ডাইসের উপর। মেশিনে প্রয়োজন মতো ডাইস ব্যবহার করা যায়।

উৎপাদিত ন্যাপথালিন বল বাজারজাত করতে প্যাকেটে নির্দিষ্ট ওজন অনুসারে ভরতে হয়। এর জন্য প্যাকেট ফিলিং মেশিন পাওয়া যায়। এই মেশিন হস্তচালিত হলে, দাম পড়ে ২ হাজার টাকা। সম্পূর্ণ স্বয়ংক্রিয় প্যাকেট ফিলিং মেশিনের দাম ১ লক্ষ টাকা।

মেশিন ও উপকরণ কেনার আগে মনে রাখবেন, সরকারি লাইসেন্স না থাকলে কিন্তু ব্যবসা শুরু করা যাবে না।

**মেশিন কোথায় পাবেন:** ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১৩, ফোন: (০৩৩)২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬।

# বেসিলে চাকরি

*প্রথম পাতার পর*

বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতন: নির্দিষ্ট মাসিক ৩৫,৪০০ টাকা।

**ডায়েটেশিয়ান:** ৫টি। শিক্ষাগত যোগ্যতা: হোম সায়েন্স ফুড অ্যান্ড নিউট্রিশন বা ক্লিনিক্যাল নিউট্রিশন অ্যান্ড ডায়েটেটিক্স বা ফুড সায়েন্স অ্যান্ড নিউট্রিশন বা ফুড অ্যান্ড নিউট্রিশন ডায়েটেটিক্স বা ফুড সার্ভিস ম্যানেজমেন্ট অ্যান্ড ডায়েটেটিক্স বা ফুড টেকনোলজিতে এম এসসি। সেই সঙ্গে অন্তত ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: নির্দিষ্ট মাসিক ৪৪,৯০০ টাকা।

**মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান:** ৮টি। শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল রেকর্ডসে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক, সঙ্গে মেডিক্যাল রেকর্ড কিপিংয়ে ৬ মাসের সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স পাশ। পাশাপাশি, সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: নির্দিষ্ট মাসিক ২৫,৫০০ টাকা।

**মেডিকো সোশ্যাল সার্ভিস অফিসার (গ্রেড-ওয়ান):** ৩টি। শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল সোশ্যাল ওয়ার্কে স্পেশ্যালাইজেশন-সহ সোশ্যাল ওয়ার্কে এম এ বা এমএসডব্লু। সঙ্গে অন্তত ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: নির্দিষ্ট মাসিক ৪৪,৯০০ টাকা।

**ডেপুটি নার্সিং সুপারিন্টেডেন্ট:** ৯টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যাসিস্ট্যান্ট নার্সিং সুপারিন্টেডেন্ট হিসেবে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা।

**মাল্টি রিহ্যাবিলিটেশন ওয়ার্কার (ফিজিওথেরাপিস্ট):** ৩টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিওথেরাপিতে স্নাতক, সেই সঙ্গে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা রিহ্যাবিলিটেশনে ডিপ্লোমা, সেই সঙ্গে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সব ক্ষেত্রেই প্রার্থীর নাম ফিজিওথেরাপি কাউন্সিলে নথিভুক্ত থাকতে হবে। বেতন: নির্দিষ্ট মাসিক ৩৫,৪০০ টাকা।

**ল্যাব অ্যাটেন্ড্যান্ট (গ্রেড-টু):** ৬টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে মেডিক্যাল ল্যাব টেকনোলজিতে ডিপ্লোমা। বেতন: নির্দিষ্ট মাসিক ১৯,৯০০ টাকা।

**ড্রাইভার (অর্ডিনারি গ্রেড):** ১১টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ। হেভি মোটর ভেহিক্যল ও লাইট মোটর ভেহিক্যল কমার্শিয়াল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। কমার্শিয়াল গাড়ি চালানোর ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: নির্দিষ্ট মাসিক ১৯,৯০০ টাকা।

**মাল্টি টাস্কিং স্টাফ:** ১০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা আইটিআই কোর্স পাশ। বেতন: নির্দিষ্ট মাসিক ১৮,৮৩৪ টাকা।

**ডেটা এন্ট্রি অপারেটার:** ৫টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশনে ডিগ্রি বা ডিপ্লোমা, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশন বা এক্সেলে কাজ জানলে অগ্রাধিকার। প্রাক্তন সমরকর্মীরাও আবেদনের যোগ্য। বেতন: নির্দিষ্ট মাসিক ২০,৩৮৪ টাকা।

**অফিস অ্যাসিস্ট্যান্ট:** ১২টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কম্পিউটারে কাজ করতে জানতে হবে। বেতন: নির্দিষ্ট মাসিক ৩৫,৪০০ টাকা।

৪-২-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নিতে হবে এই ওয়েবসাইট থেকে: www.becil.com প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করবেন। দরখাস্তের নির্দিষ্ট জায়গায় ১ কপি পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন। দরখাস্তের ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ২৯৫ টাকা। ডিমান্ড ড্রাফটটি "Broadcast Engineering Consultants India Ltd, Noida"-র অনুকূলে প্রদেয় হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে হবে না।

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন এই সব নথিপত্রের স্ব-প্রত্যয়িত নকল— বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, প্যান ও আধার কার্ড, ইপিএফ বা ইএসআই কার্ড (প্রযোজ্য ক্ষেত্রে), ব্যাঙ্ক পাসবুকের অ্যাকাউন্ট ডিটেল সংক্রান্ত পাতা।

দরখাস্ত ভরা খামের উপর বিজ্ঞপ্তি নম্বর এবং যে-পদের জন্য দরখাস্ত করছেন, তার নাম লিখে দেবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত স্পিড পোস্ট বা রেজিস্টার্ড ডাকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Broadcast Engineering Consultants India Limited (BECIL), BECIL BHAWAN, C-56/A-17, Sector-62, Noida-201307 (U.P).

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.becil.com

# কেন্দ্রীয় সরকারে ১০১৩

*প্রথম পাতার পর*

**শূন্যপদের বিন্যাস:** সিভিল সার্ভিসের ক্ষেত্রে মোট শূন্যপদ ৯৩৩টি (এর মধ্যে ৭টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী, ১১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, ৮টি শূন্যপদ চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী এবং ৭টি শূন্যপদ একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত)। ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে মোট শূন্যপদ ৮০টি (এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী, ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও ৩টি শূন্যপদ চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত)। এ ছাড়া নিয়মানুসারে তফসিলি, ওবিসি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** উভয় ক্ষেত্রেই গ্র্যাজুয়েট। ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে স্নাতক স্তরে এই সব বিষয়গুলির মধ্যে যে-কোনও একটি বিষয় পড়ে থাকতে হবে: অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, বটানি, কেমিস্ট্রি, জিওলজি, ম্যাথমেটিক্স, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, জুলজি। এগ্রিকালচার, ফরেস্ট্রি এবং ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও ফরেস্ট সার্ভিসের জন্য আবেদন করতে পারেন। উভয় সার্ভিসের ক্ষেত্রেই ফাইনাল ইয়ার বা সেমেস্টারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

**বয়স:** ১-৮-২০২৬ তারিখে ২১ থেকে ৩২ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৮-১৯৯৪ থেকে ১-৮-২০০৫-এর মধ্যে। তফসিলি এবং প্রাক্তন সমরকর্মীরা ৫, ওবিসি ও যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় আঘাতপ্রাপ্ত সৈনিকেরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক ও বৌদ্ধিক প্রতিবন্ধীরা সর্বাধিক ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**পরীক্ষার ধরনধারণ:** সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হবে দু'টি পেপারে। প্রতিটি পেপারে ২০০ নম্বর অর্থাৎ মোট ৪০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন থাকবে। সময় ২ ঘণ্টা করে।

প্রথম পেপারে প্রশ্ন থাকে এই সব বিষয়ে: কারেন্ট ইভেন্টস অব ন্যাশনাল অ্যান্ড ইন্টারন্যাশনাল ইম্পর্ট্যান্স। হিস্ট্রি অব ইন্ডিয়া অ্যান্ড ইন্ডিয়ান ন্যাশনাল মুভমেন্ট। ইন্ডিয়ান অ্যান্ড ওয়ার্ল্ড জিওগ্রাফি— ফিজিক্যাল, সোশ্যাল, ইকনমিক জিওগ্রাফি অব ইন্ডিয়া অ্যান্ড দ্য ওয়ার্ল্ড। ইন্ডিয়ান পোলিটি অ্যান্ড গভর্নেন্স— কনস্টিটিউশন, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতি রাজ, পাবলিক পলিসি, রাইটস ইস্যুস প্রভৃতি। ইকনমিক অ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট, সাস্টেইনেবল ডেভেলপমেন্ট, পভার্টি, ইনক্লুশন, ডেমোগ্রাফিক্স, সোশ্যাল সেক্টর ইনিশিয়েটিভস প্রভৃতি। জেনারেল ইস্যুস অন এনভায়রনমেন্টাল ইকোলজি, বায়োডাইভার্সিটি অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ (স্পেশ্যালাইজেশন ব্যাতিরেকে)। জেনারেল সায়েন্স। দ্বিতীয় পেপারে থাকে এই সব বিষয়: কম্প্রিহেনশন। ইন্টারপার্সোন্যাল স্কিলস ইনক্লুডিং কমিউনিকেশন স্কিলস। লজিক্যাল রিজনিং অ্যান্ড অ্যানালিটিক্যাল এবিলিটি। ডিসিশন মেকিং অ্যান্ড প্রবলেম সলভিং। জেনারেল মেন্টাল এবিলিটি। মাধ্যমিক মানের বেসিক নিউমারেসি (নাম্বারস অ্যান্ড দেয়ার রিলেশনস, অর্ডারস অব ম্যাগনিটিউড ইত্যাদি) এবং ডেটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডেটা সাফিশিয়েন্সি ইত্যাদি)।

প্রিলিমিনারি পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষার ফলের ভিত্তিতে সিভিল সার্ভিসেস মেন এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস মেন পরীক্ষায় বসার যোগ্য প্রার্থীদের আলাদা আলাদা তালিকা প্রকাশ করা হয়। এ ছাড়া প্রিলিমিনারি পরীক্ষায় প্রাপ্ত নম্বর পরবর্তী পর্যায়ের কোনও ক্ষেত্রে গ্রাহ্য হবে না। প্রিলিমিনারি পরীক্ষায় পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি এবং মেন পরীক্ষার একমাত্র পরীক্ষাকেন্দ্র কলকাতা।

**মেন পরীক্ষা:** প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর সিভিল সার্ভিসেস এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের মেন পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে।

ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের মেন লিখিত পরীক্ষায় থাকে মোট ৬টি পেপার। এর মধ্যে দু'টি আবশ্যিক: পেপার ওয়ান— জেনারেল ইংলিশ ও পেপার টু— জেনারেল নলেজ। প্রতিটি পেপারের নম্বর ৩০০ করে। দু'টি ঐচ্ছিক বিষয় বেছে নিতে হয়। প্রতিটি বিষয়ের দু'টি করে পত্র, মোট চারটি পেপার (পেপার থ্রি থেকে সিক্স)। চারটি পেপারের প্রতিটিতে ২০০ নম্বরের পরীক্ষা হয়। লিখিত পরীক্ষায় সফল হলে নেওয়া হবে ৩০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

সিভিল সার্ভিসের মেন লিখিত পরীক্ষায় প্রথমে পেপার 'এ' এবং পেপার 'বি'-র পরীক্ষা হয়। ৩০০ নম্বরের পেপার 'এ'-র বিষয়, ভারতীয় সংবিধান অনুযায়ী অষ্টম তফসিলভুক্ত যে-কোনও একটি ভাষা। পেপার 'বি'-তে থাকে ৩০০ নম্বরের ইংরেজি ভাষা সংক্রান্ত প্রশ্ন। এই পেপার দু'টিতে পাওয়া নম্বর মেধাতালিকা তৈরিতে গ্রাহ্য হয় না। এই দু'টি পেপারে শুধুমাত্র কোয়ালিফাইং নম্বর থাকতে হয়। মেধা তালিকার ক্ষেত্রে থাকে ১,৭৫০ নম্বরের লিখিত পরীক্ষা। থাকে মোট ৭টি পেপার। ডেসক্রিপটিভ টাইপ প্রশ্ন হবে। পেপার ১-এ থাকবে ২৫০ নম্বরের এসে রাইটিং। পেপার-২, ৩, ৪ ও ৫: জেনারেল স্টাডিজ (প্রতি পেপার ২৫০ নম্বর)। পেপার টুতে থাকে ইন্ডিয়ান হেরিটেজ অ্যান্ড কালচার, হিস্ট্রি অ্যান্ড জিওগ্রাফি অব দ্য ওয়ার্ল্ড অ্যান্ড সোসাইটি; পেপার থ্রিতে থাকে গভর্নেন্স, কনস্টিটিউশন, পোলিটি, সোশ্যাল জাস্টিস অ্যান্ড ইন্টার-ন্যাশনাল রিলেশনস; পেপার ফোরে থাকে টেকনোলজি, ইকনমিক ডেভেলপমেন্ট, বায়ো-ডাইভার্সিটি, এনভায়রনমেন্ট, সিকিউরিটি অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট; পেপার ফাইভে থাকে এথিক্স, ইন্টিগ্রিটি অ্যান্ড অ্যাপ্টিটিউড বিষয়ক প্রশ্ন। পেপার ৬ ও ৭: একটি ঐচ্ছিক (অপশনাল) বিষয় (প্রতি পেপারে ২৫০ নম্বর)। মেন পরীক্ষায় সফল হলে ২৭৫ নম্বরের ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://upsconline.nic.in দরখাস্তের শেষ তারিখ ২৪ ফেব্রুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ফটোগ্রাফ) ও সই আপলোড করতে হবে।

পরীক্ষার ফি ১০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ভিসা বা মাস্টারকার্ড বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মেন পরীক্ষার ফি ২০০ টাকা। প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশের পর মেন পরীক্ষার ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্কলারশিপের খোঁজখবর

## মিন্ত্রা কেয়ার্স স্কলারশিপ প্রোগ্রাম

বস্ত্র শিল্পের সঙ্গে জড়িত ও পূর্ণ সময়ের জন্য চাকরিরত কর্মীদের সন্তানদের স্কলারশিপ দিচ্ছে মিন্ত্রা। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** স্নাতক কোর্সে পাঠরতরা আবেদন করতে পারেন। বিবিএ বা বিসিএ পাঠরতরাও আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে অবশ্যই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ২০,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ তিন বছর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/MVMCSP2 আবেদনের শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি।

## বি জি এম ফাউন্ডেশন পশু সেবা স্কলারশিপ প্রোগ্রাম ২০২৫-২৬

ভেটেরিনারি সায়েন্স, অ্যানিম্যাল হাজবেন্ড্রি এগ্রিকালচার, ডেয়ারি সায়েন্স, লাইভস্টক অ্যান্ড পোলট্রি ম্যানেজমেন্ট, প্যারা ভেটেরিনারি, ফডার ম্যানেজমেন্ট ও সমতুল বিষয়ের ডিপ্লোমা বা স্নাতক বা স্নাতকোত্তর কোর্সে পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে বি জি এম ফাউন্ডেশন। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৮ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৫০ শতাংশ (ছাত্রী, প্রতিবন্ধী, অনাথ, একক পিতা বা মাতার সন্তান, প্রত্যন্ত গ্রামের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** ডিপ্লোমা ও স্নাতক কোর্সের ক্ষেত্রে বছর প্রতি ৩৬,০০০ টাকা, স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে বছর প্রতি ৭৫,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/ABCPSS1 আবেদনের শেষ তারিখ ১৬ ফেব্রুয়ারি।

## টাটা ক্যাপিটাল পঙ্খ স্কলারশিপ প্রোগ্রাম ২০২৫-২৬

একাদশ, দ্বাদশ শ্রেণি, স্নাতক, পলিটেকনিক, ডিপ্লোমা এবং আই টি আই কোর্সে পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে টাটা ক্যাপিটাল। বার্ষিক পারিবারিক আয় হতে হবে আড়াই লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** পেশাদারি কোর্সের ক্ষেত্রে শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৮০ শতাংশ এবং অন্যান্য কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** ১০ হাজার থেকে ১ লাখ টাকা পর্যন্ত।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/TCPS34 আবেদনের শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*



# ইন্ডিয়ান অয়েলে ৭৪৩ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

পানিপত রিফাইনারির ক্ষেত্রে বিজ্ঞপ্তি নম্বর PR/P/Apprentice/59(2025-26).

ট্রেড অনুসারে আসনের বিন্যাস: পোস্ট কোড ১০১: ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট)/কেমিক্যাল: পানিপত রিফাইনারি: ১২৯টি (সাধারণ ৫৬, তফসিলি জাতি ২৫, ওবিসি ৩৫, আর্থিক ভাবে অনগ্রসর ১৩)। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছরের বি এসসি। ম্যাথস, ফিজিক্স, কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০২: ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার)/মেকানিক্যাল: পানিপত রিফাইনারি:** ১৪৩টি (সাধারণ ৬৩, তফসিলি জাতি ২৮, ওবিসি ৩৮, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে ৮টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **মথুরা রিফাইনারি:** ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার ট্রেডে ২ বছরের আইটিআই কোর্স পাশ। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৩: ট্রেড অ্যাপ্রেন্টিস (বয়লার)/মেকানিক্যাল: মথুরা রিফাইনারি:** ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৫, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছরের বি এসসি। ম্যাথস, ফিজিক্স, কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ২৪ মাস।

**পোস্ট কোড ১০৪: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (কেমিক্যাল): পানিপত রিফাইনারি:** ১০৭টি (সাধারণ ৪৮, তফসিলি জাতি ২০, ওবিসি ২৯, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজি বা রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৫: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস/মেকানিক্যাল: পানিপত রিফাইনারি:** ৪৯টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৯, ওবিসি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ৩টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **মথুরা রিফাইনারি:** ২৩টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৫, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৬: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল): পানিপত রিফাইনারি:** ১২৬টি (সাধারণ ৫৫, তফসিলি জাতি ২৪, ওবিসি ৩৪, আর্থিক ভাবে অনগ্রসর ১৩)। এর মধ্যে ৬টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **মথুরা রিফাইনারি:** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৪, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৭: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইনস্ট্রুমেন্টেশন): পানিপত রিফাইনারি:** ৩৯টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৭, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **মথুরা রিফাইনারি:** ২৩টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৫, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং বা অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৮: ট্রেড অ্যাপ্রেন্টিস-সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: পানিপত রিফাইনারি:** পানিপত ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১), এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। দিল্লি ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১), এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** বি এ বা বি এসসি বা বি কম। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১ বছর ৩ মাস।

**পোস্ট কোড ১১০: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার অ্যাপ্রেন্টিসেস): পানিপত রিফাইনারি:** ২৫টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৫, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক পাশ। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১১১: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার): পানিপত রিফাইনারি:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক পাশ। সেই সঙ্গে ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর বিষয়ে স্কিল সার্টিফিকেট থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

উচ্চ মাধ্যমিক, স্নাতক ও ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-১-২০২৬ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

আবেদন করতে হবে সংস্থার এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com আবেদনের শেষ তারিখ ২০ ফেব্রুয়ারি।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লি হাইকোর্টে অ্যাসিস্ট্যান্ট

জুনিয়র জুডিশিয়াল অ্যাসিস্ট্যান্ট বা রেস্টোরার পদে ১৫২ জনকে নেবে দিল্লি হাইকোর্ট। পশ্চিমবঙ্গের প্রার্থীরা সাধারণ ক্যাটেগরির জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন করতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির জন্য নির্দিষ্ট ৬২টি শূন্যপদের বিষয়ে জানানো হল।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটারে প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বয়স: ১-১-২০২৬ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা, লিখিত পরীক্ষা, টাইপিং টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। ১২০ নম্বরের কম্পিউটারভিত্তিক পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন, জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইন্টেলিজেন্স, রিজনিং এবিলিটি অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি বিষয়ে প্রশ্ন। লিখিত পরীক্ষায় থাকবে ইংরেজিতে এসে ও লেটার রাইটিং, গ্রামার ও ট্রান্সলেশন। টাইপিং টেস্টের ক্ষেত্রে কম্পিউটারে প্রতি মিনিটে ৩৫টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে ইংরেজিতে টাইপ করতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.delhihighcourt.nic.in দরখাস্তের শেষ তারিখ ২৩ ফেব্রুয়ারি। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (১০০-২০০ কেবি সাইজের মধ্যে), সই (৫০-১৫০ কেবি সাইজের মধ্যে) ও বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (৫০-২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ৪-২-২০২৬ তারিখ অনুসারে ৩ মাসের বেশি পুরনো ফটো চলবে না।

দরখাস্তের ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,৫০০ টাকা। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বাঁকুড়ায় স্বাস্থ্যকর্মী

৩৭ জন কমিউনিটি হেল্‌থ অ্যাসিস্ট্যান্ট, মাল্টি রিহ্যাবিলিটেশন ওয়ার্কার এবং ডাক্তার নেবে বাঁকুড়া জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। ন্যাশনাল হেল্‌থ মিশনে চুক্তিতে নিয়োগ করা হবে। প্রার্থীকে অবশ্যই এ রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং বাংলা ভাষা জানতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৬৫৮।

**শূন্যপদের বিবরণ: মেডিক্যাল অফিসার:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর-ইসি ১)। **জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার:** ১৫টি (সাধারণ ৪, সাধারণ-ইসি ১, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৩, তফসিলি জাতি-ইসি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি-এ ১, ওবিসি-এ-ইসি ১, ওবিসি-বি ১, আর্থিক ভাবে অনগ্রসর-ইসি ১)।

শিক্ষাগত যোগ্যতা: এমবিবিএস, সঙ্গে ১ বছরের কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে এবং ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৬৭ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৬০,০০০ টাকা।

**কমিউনিটি হেল্‌থ অ্যাসিস্ট্যান্ট (আর্বান):** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি-এ ১, আর্থিক ভাবে অনগ্রসর-ইসি ১)। শুধু মহিলারা আবেদন করবেন। শিক্ষাগত যোগ্যতা: অক্সিলারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ। এর পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাঁকুড়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স: ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৩,০০০ টাকা।

**মাল্টি রিহ্যাবিলিটেশন ওয়ার্কার:** ১১টি (সাধারণ ৩, সাধারণ-ইসি ১, তফসিলি জাতি ২, তফসিলি জাতি-ইসি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি-এ ১, ওবিসি-বি ১, আর্থিক ভাবে অনগ্রসর-ইসি ১)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিয়োথেরাপিতে স্নাতক, সঙ্গে কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ফিজিয়োথেরাপিতে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স করে থাকলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৮,০০০ টাকা।

সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbhealth.gov.in প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ২৩ ফেব্রুয়ারি। দরখাস্তের সময় প্রার্থীর ফটো ও সই স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৫০ টাকা)। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। দরখাস্তের শেষ তারিখ ২৫ ফেব্রুয়ারি। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbhealth.gov.in

# প্রাথমিকে ২৩০৮ স্পেশ্যাল এডুকেশন টিচার নিয়োগের লিখিত পরীক্ষা ২২ ফেব্রুয়ারি

**নিজস্ব প্রতিনিধি:** রাজ্যের সরকারি সহায়তাপ্রাপ্ত প্রাথমিক স্কুলগুলিতে স্পেশ্যাল এডুকেশন টিচারের ২,৩০৮টি শূন্যপদে নিয়োগের জন্য শিক্ষকতার যোগ্যতামান যাচাইয়ের পরীক্ষা (টেট) ২২ ফেব্রুয়ারি, রবিবার, বেলা ১২টা থেকে আড়াইটে। উল্লেখ্য, ২০২৫-এর ১৫ সেপ্টেম্বর প্রাথমিক শিক্ষা পর্ষদ এই নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল। প্রাথমিক স্তরের বিশেষ ভাবে সক্ষম শিশুদের পড়ানোই হবে স্পেশ্যাল এডুকেশন টিচারদের মূল দায়িত্ব।

লিখিত পরীক্ষায় মোট ১৫০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রতি প্রশ্নের মান ১। সময় আড়াই ঘণ্টা। শিক্ষাবিজ্ঞান, শিশুর বিকাশ, বাংলা ও ইংরেজি ভাষা এবং ম্যাথমেটিক্স ও এনভায়রনমেন্টাল স্টাডিজের প্রশ্ন হবে।

লিখিত পরীক্ষায় সফল হলে ১০ নম্বরের টিচিং ডেমনস্ট্রেশন ও ১০ নম্বরের ইন্টারভিউ। অর্থাৎ মোট ১০০ নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

তথ্যের জন্য নজর রাখবেন প্রাথমিক শিক্ষা পর্ষদের এই ওয়েবসাইটে: https://wbbpc.wb.gov.in/pages/notice.aspx প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৩৩৪-৮৯৮৩, (০৩৩) ২৩৫৯-৮১৩৫।

# ম্যানেজমেন্টের ফ্রেশার স্নাতকোত্তরদের জন্য নিয়োগাভিযান টি সি এসের

## জাতীয় স্তরে পরীক্ষা ১২ মার্চ

বিজনেস ম্যানেজমেন্ট ও অ্যাডমিনিস্ট্রেশনের ফ্রেশার স্নাতকোত্তর ডিগ্রি ও ডিপ্লোমাধারীদের জন্য বিশেষ নিয়োগাভিযান চলছে তথ্যপ্রযুক্তি সংস্থা টিসিএসে। স্নাতকোত্তর কোর্সের ২০২৬ ব্যাচের প্রার্থীরা আবেদনের যোগ্য। নির্দিষ্ট বিভিন্ন স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ অথবা এমএমএম ডিগ্রি অথবা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ও ম্যানেজমেন্টের ২ বছরের স্নাতকোত্তর ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন।

স্পেশ্যালাইজেশনের বিষয়গুলি হল: মার্কেটিং, ফিনান্স, অপারেশনস, সাপ্লাই চেন ম্যানেজমেন্ট, ইনফর্মেশন টেকনোলজি, জেনারেল ম্যানেজমেন্ট, বিজনেস অ্যানালিটিক্স, প্রোজেক্ট ম্যানেজমেন্ট ও সংশ্লিষ্ট শাখা।

মাধ্যমিক থেকে শুরু করে স্নাতকোত্তর পর্যন্ত সমস্ত পরীক্ষায় ৬০ শতাংশ করে নম্বর থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে।

প্রার্থী বাছাইয়ের জন্য পরীক্ষা আয়োজিত হবে ১২ মার্চ। দেড় ঘণ্টার পরীক্ষায় ভার্বাল এবিলিটি, নিউমেরিক্যাল এবিলিটি ও বিজনেস অ্যাপ্টিটিউড বিষয়ক প্রশ্ন হবে। আবেদনের সময় 'অ্যাপ্লাই ফর ড্রাইভ'-এ ক্লিক করে পছন্দের টেস্ট সেন্টার উল্লেখ করা যাবে।

১১ ফেব্রুয়ারির মধ্যে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.tcs.com/careers/india/tcs-mba-hiring প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই হেল্পলাইন নম্বরে: ১৮০০২০৯৩১১১ ই-মেল: ilp.support@tcs.com

স্বনির্ভরতার সন্ধান

# বিপণনের প্রক্রিয়া মসৃণ করাই হস্তশিল্পীদের কাছে চ্যালেঞ্জ

**পশ্চিম মেদিনীপুরের এক প্রান্তিক গ্রামের যুবক তামা দিয়ে নানা হস্তশিল্প সামগ্রী তৈরি করেন। তাঁর তৈরি জিনিসপত্র পৌঁছে যাচ্ছে দেশের নানা প্রান্তে। সরকারি পুরস্কারপ্রাপ্ত এই হস্তশিল্পীর নাম সুরজিৎ মাল। হস্তশিল্প সামগ্রীর ব্যবসার সম্ভাবনা সম্পর্কে 'কর্মক্ষেত্র'কে জানালেন তিনি।**



পশ্চিম মেদিনীপুরের শালবনি ব্লকের যাত্রা বিষ্ণুপুর গ্রামে আমার পরিবারের বসবাস। জঙ্গল-প্রান্তের গ্রাম। কাছেই হাতি চলাচলের রাস্তা। অল্প কিছু জমি আছে পরিবারের। এই পরিবেশে আমি হস্তশিল্পের কাজ করি। ফ্রেমে বাঁধানোর জন্য তামার পাতে ফুটিয়ে তোলা প্রাকৃতিক দৃশ্য, তামার তার দিয়ে নানা ডিজাইনের গয়না, চুলের ক্লিপ, পাঞ্জাবির বোতাম। এই কাজের মাধ্যমেই জঙ্গলের প্রান্তিক গ্রামে বসে দেশের বিভিন্ন শহরের মানুষের সঙ্গে যোগাযোগ ঘটে। রাজ্য স্তরে ভারত সরকারের এমএসএমই ও টেক্সটাইল বিভাগ থেকে হস্তশিল্পীর পুরস্কারও পেয়েছি। বর্তমানে আমার বয়স ৩১ বছর। ২০০৯ সাল থেকে তামা দিয়ে নানা সামগ্রী তৈরির কাজ শিখে চলেছি। আমার মামা হারাধন দাস, তামার তার দিয়ে শঙ্খ তৈরি করে জাতীয় স্তরে ভারত সরকার কর্তৃক পুরস্কৃত হয়েছেন। মামার হাতে তৈরি একটি রুপোর শাঁখ পশ্চিম মেদিনীপুরের গড়বেতার সর্বমঙ্গলা মন্দিরে রয়েছে। তাঁর কাছেই কাজ শিখেছি।

ব্যবসা শুরু করে বুঝেছি, এক জন হস্তশিল্পীকে বিপণনের বিষয়টাও শিখতে হবে। আমি বিভিন্ন হস্তশিল্প মেলায় অংশগ্রহণ করি। এখন অনলাইনে পণ্য বিক্রির সুযোগ তৈরি হয়েছে। এই সুযোগটা কাজে লাগানো যেতে পারে। ভারত সরকারের এমএসএমই ও টেক্সটাইল মন্ত্রক হস্তশিল্পীদের জন্য নানা প্রশিক্ষণের আয়োজন করে। এদের ওয়েবসাইটে (https://msme.gov.in) আর্টিজানদের জন্য প্রয়োজনীয় বিভিন্ন তথ্য পাওয়া যায়। কলকাতায় এমএসএমই ডেভেলপমেন্ট ও ফেসিলিটেশন অফিস রয়েছে। জেলা শিল্পকেন্দ্র থেকেও নানা তথ্য ও পরামর্শ পাবেন। প্রত্যেক জেলাতেই শিল্পকেন্দ্র রয়েছে। পশ্চিমবঙ্গে প্রচুর দক্ষ হস্তশিল্পী রয়েছেন। তৈরি জিনিসটির বিপণনই তাঁদের কাছে চ্যালেঞ্জের। এই বিপণনের প্রক্রিয়ার সঙ্গেই যুক্ত থাকে প্যাকেজিং, ই-কমার্স ইত্যাদি।

পণ্যের মান, ফিনিশিং, প্যাকেজিং ও বিপণনের বিষয়গুলি নিয়ে আমাদের অর্থাৎ আর্টিজানদের সচেতন ও সক্রিয় হতে হবে। কাজ করতে করতেই এগুলো বুঝতে পারছি।

হস্তশিল্প সামগ্রীর ব্যবসায় উৎসাহীরা প্রয়োজনে আমার সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৭৩৩৫-৩২১৭৩।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# গ্রীষ্মকালীন মুগের চাষ



মুগ চাষের সবচেয়ে বড় সুবিধা হল এই যে, নাইট্রোজেনকে সংরক্ষণ করে তা জমির উর্বরতা বৃদ্ধি করে এবং এতে পরবর্তী ফসলের চাষে নাইট্রোজেন কম লাগে।

**উপযুক্ত সাথী ফসলের সঙ্গে মুগের চাষ করলে আর্থিক লাভ বেশি হবে, তবে বিজ্ঞানসম্মত পদ্ধতিতে চাষ করা প্রয়োজন। জানাচ্ছেন, পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।**

মুগ একটি স্বল্পমেয়াদি ডালশস্য। পশ্চিমবঙ্গে গ্রীষ্মকালে এই ডালশস্যের চাষ হয় প্রায় ১৬,০৫০ হেক্টর জমিতে। মুগডাল প্রোটিন এবং খনিজ মৌল সমৃদ্ধ খাদ্যশস্য। এই শিম্বগোত্রীয় ডালের শিকড়ে বসবাসকারী গুঁটির মধ্যে থাকা রাইজোবিয়াম জীবাণু, বাতাসের নাইট্রোজেনকে আবদ্ধ করার (হেক্টর প্রতি ৪০-৫০ কেজি) মাধ্যমে জমির উর্বরতা বৃদ্ধি করে এবং এর ফলে পরবর্তী ফসল চাষে নাইট্রোজেনের পরিমাণ কম লাগে। আশানুরূপ ফলন পেতে হলে বিজ্ঞানভিত্তিক পদ্ধতিতে চাষ করতে হবে।

গ্রীষ্মকালীন মুগ চাষের জন্য বীজ বোনার উপযুক্ত সময় ফাল্গুন-চৈত্র মাস। গ্রীষ্মকালীন মুগ চাষের উপযোগী জাত: পুসা বিশাল, স্নেহা, পন্থমুগ-৫ ও সম্রাট।

## জমি নির্বাচন

উর্বর দোঁয়াশ মাটি বা বেলে-দোঁয়াশ মাটি, যেখানে জলনিকাশির সুব্যবস্থা আছে, মুগের চাষ সেই জমিতে লাভজনক ভাবে করা যায়। কাদা বা এঁটেল মাটিতে সহজে জল দাঁড়িয়ে যায় বলে.এই সব মাটিতে মুগ ভালো হয় না। মুগ কিছুটা খরা সহ্য করতে পারে।

## জমি তৈরি

খরিফ ফসলের জন্য মৌসুমী বৃষ্টি শুরু হওয়ার সঙ্গে সঙ্গে জমি তৈরির ব্যবস্থা নিতে হবে। প্রাক-খরিফ মরসুমে জমিতে রসের ঘাটতি থাকলে সেচ দিয়ে জমি তৈরির ব্যবস্থা গ্রহণ করতে হবে। সাধারণত ৩-৪ বার চাষ ও মই দিলে জমি মুগ চাষের উপযুক্ত হয়। জমির সমস্ত আগাছা পরিষ্কার করা দরকার। জল নিকাশির সুব্যবস্থা থাকা দরকার।

## বীজ বপনের আগে

রাইজোবিয়ামপ্রজাতির জীবাণুসার বীজের সঙ্গে মিশিয়ে বপন করতে হবে। মিশ্রণের পদ্ধতিটি এরকম:

- বীজ বপনের আগে ঠান্ডা জলে বীজগুলিকে আধঘণ্টার মতো ভিজিয়ে ওই জল ফেলে দিতে হবে।
- ১০০-১৫০ গ্রাম চিটেগুড় ১ লিটার পরিষ্কার জলে মিশিয়ে আধঘণ্টার মতো ফোটাতে হবে এবং ঠান্ডা করে নিতে হবে।
- ২০০ গ্রাম জীবাণুসার ওই গুড়ের দ্রবণে দিয়ে ভালো করে নেড়ে নিতে হবে।
- বীজগুলিকে ওই গুড়ের মিশ্রণে ভালো ভাবে ভিজিয়ে ছায়ায় শুকিয়ে নিতে হবে। রৌদ্রে শুকানো যাবে না।

## বীজ বোনার পদ্ধতি

ভালো পরিচর্যা ও বেশি ফলনের জন্য বীজ সারিতে বোনা দরকার। সে ক্ষেত্রে হেক্টর প্রতি ২৫-৩০ কেজি বীজ লাগবে। সাধারণত দু'টি সারির দূরত্ব ২০-২৫ সেমি এবং প্রতি সারিতে দু'টি গাছের দূরত্ব ১০ সেমি রাখা হয়। আর, ছিটিয়ে বুনলে হেক্টর প্রতি ৩০-৪০ কেজি বীজের দরকার হবে।

বীজ বোনার এক সপ্তাহ আগে, প্রতি কেজি বীজের সঙ্গে কার্বেন্ডাজিম বা থাইরাম ২ গ্রাম হারে মিশিয়ে শোধন করে নিতে হবে।

জমির ৪-৫ সেমি গভীরতায় বীজ বপন করতে হবে।

## সার প্রয়োগ

প্রথম চাষের সময় হেক্টর প্রতি ৫০-৬০ কুইন্টাল গোবর বা আবর্জনা সার মাটিতে মিশিয়ে দিতে হবে। জমি তৈরির সময় মূল সার হিসাবে হেক্টর প্রতি ২০, ৪০ ও ২০ কেজি হারে নাইট্রোজেন, ফসফেট ও পটাশ যথাক্রমে ইউরিয়া (৪৩ কেজি), সিঙ্গল সুপার ফসফেট (২৫০ কেজি) এবং মিউরিয়েট অব পটাশের (৩৩ কেজি) মাধ্যমে প্রয়োগ করতে হবে। ফসফেটঘটিত সার হিসাবে সিঙ্গল সুপার ফসফেট ব্যবহার না করলে আলাদা ভাবে হেক্টর প্রতি ২০ কেজি সালফার প্রয়োগ করতে হবে।

## পরিচর্যা

- মাটিতে অণুখাদ্যের অভাব হলে বীজ বোনার ২৫-৩০ দিনের মাথায় ০.২ শতাংশ বোরাক্স দ্রবণের সঙ্গে ০.০৫ শতাংশ অ্যামোনিয়াম মলিবডেট দ্রবণ মিশিয়ে পাতায় স্প্রে করে বোরন ও মলিবডেনামের ঘাটতি মেটানো যায়।
- চারা বোনার ৩ সপ্তাহ পর একবার আগাছা নিয়ন্ত্রণ করা দরকার এবং নির্দিষ্ট দূরত্বে সবল গাছগুলো রেখে বাকি গাছ পাতলা করে দিতে হবে।

## জলসেচ



খরিফ মরসুমে সেচের প্রয়োজন হয় না। প্রাক-খরিফ মরসুমে মাটিতে রসের ঘাটতি হলে বীজ বোনার আগে একটি সেচ এবং ২৫ দিনের মাথায় আর-একটি সেচ দেওয়া হয়। ফুল আসার আগে সেচ দিলে ভালো ফলন পাওয়া যায়। সেচের সুবিধা থাকলে প্রয়োজন বোধে বোনার আগে একটি, ফুল আসার আগে একটি এবং দানা পুষ্ট হওয়ার সময় আরও একটি সেচ দিলে ভালো ফলন পাওয়া যায়।


## সাথী ফসল

আখ, তিল, তোসা পাটের সাথী ফসল হিসাবে মুগ চাষ করলে অপেক্ষাকৃত বেশি আয় পাওয়া যায়। অড়হড়, তুলো, জোয়ার, ভুট্টা ইত্যাদির সঙ্গেও চাষ করা যায়। ভুট্টা, জোয়ার ও বাজরার চাষ করলে হলুদ কুটে রোগ ও শুঁটি ছিদ্রকারী পোকার আক্রমণ কম হয়।

## ফসল তোলা

বেশি ফলন পেতে গেলে ২ থেকে ৩ বার পাকা শুঁটি তোলা দরকার। বীজ বপনের ৫০-৬০ দিনের মধ্যে প্রথম বার পাকা শুঁটি তোলা হয়। তার ১০-১৫ দিন পর অধিকাংশ শুঁটি পেকে গেলে (৭৫-৮০ শতাংশ) দ্বিতীয় বার শুঁটি তোলা হয়। পরবর্তী ফসল বোনার সময় এসে গেলে, বাকি শুঁটি পাকার জন্য অপেক্ষা না করে, গাছগুলিকে মাটির সঙ্গে মিশিয়ে দিলে জমির উর্বরতা বৃদ্ধি পাবে। যদি আরও ১০-১৫ দিন অপেক্ষা করা সম্ভব হয়, তাহলে সমস্ত শুঁটি পেকে গেলে গাছগুলিকে কেটে নেওয়া যায়।

সাধারণ ভাবে গ্রীষ্মকালীন মুগের হেক্টর প্রতি গড় ফলন ৮-১০ কুইন্টাল।


- Sprawling Green Campuses
- Safe & Hygienic School Infrastructure
- Remedial Class Support
- Superior Academics as per NEP 2020 Guidelines
- Hostel & Day Boarding Facilities*

Art & Craft | Music | Yoga | Taekwondo | Karate | Robotics Lab | Smart Classrooms
Nature Club | Literary Club | Photography Club | Adventure Sports Club | International Language Classes* | International Students Exchange

**40 Years of Legacy of Techno India Group**
Universities | Engineering Courses | Business Schools
Law Colleges | B.Ed Colleges | Schools - Playgroup to XII

**Schools following world-class education as per CBSE Curriculum**

**TIG PUBLIC SCHOOLS:**
**ALIPURDUAR** 9564172473 | **BOLPUR** 9830050303 / 7029194976
**CHANCHAL** 7230023231 / 8740074740 | **COOCH BEHAR** 7063787447
**DURGAPUR** 7029274898 / 7029275770 | **FALAKATA** 8250520716 / 7365801010 | **GANGARAMPUR** (Dakshin Dinajpur) 9144900108
**HOOGHLY** 9903504753 | **JALPAIGURI** 9635731184
**KANCHRAPARA** 8013191616 | **KOLAGHAT** 7047839368
**KRISHNANAGAR** 8373052382 | **MIDNAPORE** 8927299069 / 7029149567
**NABADWIP** 8101786779 | **RAIGANJ** 9083277096 / 98
**RANIGANJ** 9647937367 / 9933138264 | **SILIGURI** 8597285542
**SODEPUR** 8961331559 / 7687942227

**TIG WORLD SCHOOLS:**
**SILIGURI** 9733018000 | **MALDA** 8967826765

Scan to know more
www.tigps.in
1800 5692 983

# কারেন্ট অ্যাফেয়ার্স

৩ জানুয়ারি-৮ জানুয়ারি

**৩ জানুয়ারি** গুরুত্বপূর্ণ বিরল খনিজ সম্পদের অনুসন্ধানে বড় পদক্ষেপ করল অরুণাচল প্রদেশ সরকার। রাজ্যের ডেপো, ফোপ এবং রাধপু এলাকায় গ্রাফাইট ও ভ্যানাডিয়াম খনিজ ব্লকের অনুসন্ধানের জন্য সরকার তিনটি পৃথক চুক্তি স্বাক্ষর করেছে। চুক্তিগুলি সাক্ষরিত হয়েছে ওএনজিসি ইন্ডিয়া লিমিটেড, বেদান্ত লিমিটেড এবং ওড়িশা মেটালিক প্রাইভেট লিমিটেডের সঙ্গে। অরুণাচল প্রদেশ সরকারের ভূ-তত্ত্ব ও খনন বিভাগ তিনটি সংস্থার সঙ্গে যৌথভাবে এই কম্পোজিট লাইসেন্স ডিড কার্যকর করবে।

## মাদুরোকে অপহরণের পর অন্তর্বর্তী প্রেসিডেন্টকে হুমকি ট্রাম্পের



৫ জানুয়ারি: ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে অপহরণ করে তুলে নিয়ে যাওয়ার পর সে দেশের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ডেলসি রদ্রিগেসকে হুমকি দিল আমেরিকা। একটি সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প বলেছেন, 'উনি (রদ্রিগেস) যদি ঠিক কাজ না করেন, ওঁকে বড় দাম দিতে হবে। হয়তো মাদুরোর থেকেও বেশি দাম দিতে হবে।' যদিও ভেনেজুয়েলার অন্তর্বর্তী প্রেসিডেন্ট মার্কিন হুমকির মুখেও বলেছেন, দেশের প্রাকৃতিক সম্পদ রক্ষার জন্য বদ্ধপরিকর ভেনজুয়েলা। ডেলসি বলেন, 'আমরা কিছুতেই কোনও দেশের উপনিবেশ হব না। ... আমি শান্তি ও শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করতে চাই। ... আমরা আমেরিকাকে আমন্ত্রণ জানাচ্ছি, আমাদের সঙ্গে জোট বাঁধুক ওরা। সহযোগিতা করুক। আন্তর্জাতিক আইন-ব্যবস্থার মধ্যে থেকে দু'দেশ একে অন্যের উন্নতিতে সাহায্য করুক।'

**৪ জানুয়ারি** মুস্তাফিজুর বিতর্কের জেরে ভারত ও বাংলাদেশের ক্রিকেট সম্পর্ক বড় ধাক্কা খেল। সে দেশের ক্রিকেট বোর্ডের তরফে জানিয়ে দেওয়া হয়েছে আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারতে খেলতে যাবে না বাংলাদেশ। আইসিসিকে চিঠি লিখে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) তাদের সিদ্ধান্তের কথা জানিয়েও দিয়েছে। একই সঙ্গে তারা দাবি জানিয়েছে, বিশ্বকাপে বাংলাদেশের সব ম্যাচ যেন শ্রীলঙ্কায় দেওয়া হয়। প্রসঙ্গত, ৩ জানুয়ারি ভারতীয় বোর্ডের নির্দেশে বাংলাদেশের পেস বোলার মুস্তাফিজুর রহমানকে ছেড়ে দেয় কলকাতা নাইট রাইডার্স। বাংলাদেশে অগ্নিগর্ভ পরিস্থিতির জেরে, রাজনৈতিক মহলের নির্দেশেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে বিভিন্ন মহলের অনুমান।


**ভেনেজুয়েলার সরকার পরিচালনার** বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের দাবির ২৪ ঘণ্টার মধ্যই ট্রাম্পের বিদেশসচিব মার্কো রুবিয়ো সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানিয়ে দিলেন রোজকার সরকার পরিচালনার কাজে আদৌ হস্তক্ষেপ করতে চান না তাঁরা। তবে ভেনেজুয়েলার খনিজ তেলের ভাণ্ডারের উপরে তাঁরা দখল রাখতে চান বলে জানিয়েছেন রুবিয়ো। অন্যদিকে, আমেরিকার 'ডেল্টাফোর্স'-এর হাতে সস্ত্রীক বন্দি হওয়ার অনেক আগে থেকেই ভেনেজুয়েলার ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো অভিযোগ করেছেন, বিশ্বের বৃহত্তম তেলের ভাণ্ডারের উপরেই বরাবর নজর রয়েছে আমেরিকার। মাদুরোকে গ্রেপ্তার করে আমেরিকায় নিয়ে যাওয়ার পরেই দেশজুড়ে জরুরি অবস্থা জারি করেছে ভেনেজুয়েলা সরকার। সেইসঙ্গে দেশের ভাইস প্রেসিডেন্ট ডেলসি রড্রিগেস প্রেসিডেন্ট পদে শপথ নিয়েছেন।

**চিনকে পিছনে ফেলে বিশ্বের বৃহত্তম** চাল উৎপাদক দেশে পরিণত হল ভারত। এই দাবি করে কৃষিমন্ত্রী শিবরাজ সিংহ চৌহান জানিয়েছেন, ভারতে এক অর্থবর্ষে প্রায় ১৫.০২ কোটি টন চাল উৎপাদিত হয়েছে। চিনের ক্ষেত্রে এই পরিমাণ ১৪.৫২ কোটি টন। দেশে যথেষ্ট পরিমাণে খাদ্যশস্য মজুত রয়েছে বলেও দাবি করেন কৃষিমন্ত্রী।

## কলকাতায় আইপ্যাকের দপ্তরে তল্লাশি নিয়ে ইডি-তৃণমূল দ্বন্দ্ব



৮ জানুয়ারি: কলকাতায় কয়লা কেলেঙ্কারির মামলায় ইডি-র তল্লাশিকে কেন্দ্র করে ঘোর দ্বন্দ্বে জড়িয়ে পড়ল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি এবং রাজ্যের শাসকদল তৃণমূল। তৃণমূলের পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের অফিস এবং সেই সংস্থার কর্ণধার প্রতীক জৈনের বাড়িতে তল্লাশির সময় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রশাসনের কর্তাব্যক্তিদের নিয়ে সেখানে উপস্থিত হন। বেশ কিছু নথিপত্রের ফাইল নিয়ে বেরিয়ে আসেন তিনি। মুখ্যমন্ত্রীর এই কাজের বিরুদ্ধে হাইকোর্টের দ্বারস্থ হয়েছে ইডি। মুখ্যমন্ত্রী বলেছেন, ইডি-র উদ্দেশ্য ছিল তদন্তের আড়ালে দলের গোপন দলিল, নির্বাচনী পরিকল্পনার নথি হস্তগত করা। তাই দলের নথি তিনি উদ্ধার করে এনেছেন। যদিও ইডি-র দাবি, এটি অর্থ পাচারের বিরুদ্ধে নিয়মিত অভিযানের অংশ। আইনি সুরক্ষা ব্যবস্থা মেনেই তল্লাশি চালানো হয়।



"আমেরিকায় আদানিজির বিরুদ্ধে মামলা চলছে। এই মামলা আদতে মোদীজির বিরুদ্ধে। তাছাড়া এপস্টেন ফাইলসে আরও অনেক কিছু আছে, যা এখনও প্রকাশ করেনি আমেরিকা। ... মোদীজি ফ্যাসাদে পড়েছেন। গত কয়েকমাস ধরে বাণিজ্যচুক্তি আটকে ছিল। গতরাতে তাতে সই করে দিলেন প্রধানমন্ত্রী।"

রাহুল গান্ধী, *কংগ্রেস নেতা ও লোকসভার বিরোধী দলনেতা*


ভারত-মার্কিন বাণিজ্য চুক্তি নিয়ে প্রধানমন্ত্রী মোদী ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে আপস করেছেন বলে দাবি তুলে

## প্রয়াত মনোজ কোঠারি



৫ জানুয়ারি: ১৯৯০ সালে বিশ্ব বিলিয়ার্ডস চ্যাম্পিয়ন -মনোজ কোঠারি (৬৭) প্রয়াত হলেন। কলকাতা থেকে যে সমস্ত ক্রীড়াবিদ বিশ্বের দরবারে নজির গড়েছেন তাঁদের অন্যতম মনোজ। ভারতীয় বিলিয়ার্ডস দলে দীর্ঘদিন কোচিংও করিয়েছেন তিনি। তাঁর ছেলে সৌরভ কোঠারির দু-বার বিলিয়ার্ডসে বিশ্বসেরা হওয়ার পিছনেও ছিল তাঁর অবদান। ক্রীড়ায় অসামান্য অবদানের জন্য ২০০৫ সালে পান কেন্দ্রীয় সরকারের ধ্যানচাঁদ পুরস্কার। রাজ্য সরকারের ক্রীড়াগুরু সম্মানও পেয়েছেন তিনি।

## প্রয়াত বেলা টার



৬ জানুয়ারি: বিখ্যাত হাঙ্গেরিয়ান চলচ্চিত্রকার বেলা টার (৭০) প্রয়াত হলেন। সাদাকালো ছবিতে হাঙ্গেরির প্রত্যন্ত প্রান্তের কাহিনিতে গভীর জীবনদর্শন উঠে এসেছে বেলা টারের ছবিতে। 'সেটানট্যাঙ্গো', 'দ্য টুরিন হর্স', 'ড্যামনেশন', 'ডার্কমেইস্টার হারমনিজ', 'দ্য ম্যান ফ্রম লন্ডন' ইত্যাদি ছবি তাঁর অমর সৃষ্টি। চলচ্চিত্রপ্রেমীদের মতে গল্পের জোরে নয়, মূলত দৃশ্যকল্পের মাধ্যমে গ্রামজীবন, সমাজ ও রাজনীতির নিবিড় চেতনা টার তুলে ধরতেন নিজের ছবিতে। তাঁর ছবিতে দীর্ঘ শট, সংলাপের খুব কম ব্যবহার, সাদাকালোর দুনিয়ায় বাস্তবতার জীবন্ত সংজ্ঞা ফুটিয়ে তুলেছে।

**৬ জানুয়ারি** উত্তরপ্রদেশে ভোটার তালিকার নিবিড় সংশোধনের পরে যে খসড়া তালিকা এদিন প্রকাশিত হয়েছে তাতে বাদ পড়ল ২ কোটি ৮৯ লক্ষ ভোটারের নাম। সবথেকে বেশি নাম বাদ পড়েছে লখনউ, গাজিয়াবাদের মতো শহুরে এলাকাগুলিতে। উত্তরপ্রদেশে এসআইআর শুরু হওয়ার আগে মোট ভোটার ছিল প্রায় পনেরো কোটি। এদিন খসড়া তালিকায় প্রায় ৩ কোটি নাম বাদ যাওয়ার অর্থ হল ওই রাজ্যে প্রতি পাঁচ ভোটারের মধ্যে একজনের নাম কাটা গিয়েছে। গোড়া থেকেই এসআইআর প্রক্রিয়ার বিরোধিতা করে আসছিল বিরোধী দলগুলি। এদিন এসআইআরকে গণতন্ত্রের হত্যা বলে ব্যাখ্যা করে সরব হন সমাজবাদী পার্টি নেতা অখিলেশ যাদব। তিনি বলেন, 'এসআইআরের নামে জাতীয় নাগরিকপঞ্জী (এনআরসি) রূপায়ণ করছে সরকার। নাগরিকপঞ্জী রূপায়ণ করার কথা ছিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের। কিন্তু নির্বাচন কমিশনকে দিয়ে সেই কাজ করাচ্ছে সরকার।'

## মার্কিন আদালতে নিজেকে যুদ্ধবন্দি দাবি মাদুরোর



৬ জানুয়ারি: ভেনেজুয়েলার অপহৃত প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো আমেরিকার আদালতে দাঁড়িয়ে নিজেকে যুদ্ধবন্দি হিসেবে দাবি করলেন। এর আগের দিনই ম্যানহাটনের আদালতে নিজেকে নির্দোষ দাবি করে ট্রাম্প প্রশাসনের আনা মাদক পাচারের যাবতীয় অভিযোগ খারিজ করেছিলেন তিনি। এদিন মাদুরো আদালতে জানান রাতের অন্ধকারে তাঁর দেশের উপর হামলা চালিয়ে তাঁকে এবং তাঁর স্ত্রীকে শয়নকক্ষ থেকে অপহরণ করে মার্কিন সেনা। বিশেষজ্ঞদের একাংশের মত তাঁর এই বিবৃতি ডোনাল্ড ট্রাম্প প্রশাসনকে চাপে ফেলতে পারে। কারণ কোনও দেশের নাগরিক আদালতে যুদ্ধবন্দির বিচার হয় না। বরং যুদ্ধের ফলে বন্দি কোনও ব্যক্তি বা রাষ্ট্রপ্রধানের সঙ্গে 'জেনিভা কনভেনশন'-এ উল্লিখিত নীতি মেনে যাবতীয় আচরণ করতে হয়। রাশিয়া, চিন, কিউবা, পানামার মতো ভেনেজুয়েলার বন্ধু দেশগুলির পাশাপাশি ফ্রান্স-ডেনমার্কের মতো ইউরোপের দেশের দূতেরাও আমেরিকার এই হামলা এবং মাদুরোকে বন্দির বিষয়টি নিয়ে ট্রাম্প প্রশাসনের তীব্র নিন্দা করেছে।

**গ্রিনল্যান্ড নিয়ে আমেরিকার আগ্রাসী** মনোভাবের তীব্র প্রতিক্রিয়া জানাল ডেনমার্ক। সেদেশের প্রধানমন্ত্রী মেটে ফ্রেড্রিকসেন জানিয়েছেন গ্রিনল্যান্ডকে আমেরিকার নিয়ন্ত্রণে আনার যে-কোনও চেষ্টা ন্যাটো সামরিক জোটের 'শেষ অধ্যায়' ডেকে আনবে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যে-কোনও ভাবে গ্রিনল্যান্ড দখলে আনতে সক্রিয় হওয়ার জেরেই এই প্রতিক্রিয়া দেন মেটে। গ্রিনল্যান্ডের প্রধানমন্ত্রী জনস ফ্রেডরিক নিয়েলসেনও ট্রাম্পের গ্রিনল্যান্ড দখলের পরিকল্পনার তীব্র সমালোচনা করেছেন।

**৭ জানুয়ারি** ওয়েস্ট ব্যাঙ্কে প্যালেস্টাইনিদের উপর ইজরায়েলের বৈষম্য ও বিভাজন তীব্রতর হচ্ছে বলে গভীর উদ্বেগ প্রকাশ করল রাষ্ট্রপুঞ্জ। তাদের মানবাধিকার কার্যালয় থেকে এক প্রতিবেদনে বলা হয়েছে ওয়েস্ট ব্যাঙ্কে প্যালেস্টাইনের অধিকার কৌশলগতভাবে লঙ্ঘন করা হচ্ছে। জল সরবরাহ, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার বা পরিজনদের সঙ্গে সাক্ষাৎ-সহ বিভিন্ন ক্ষেত্রে অসহযোগিতা চলছে।

**ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়ার** পরেও বিদেশিদের আমেরিকায় থেকে যাওয়া রুখতে অভিবাসন নীতি আরও কঠোর করার সিদ্ধান্ত নিল মার্কিন সরকার। এবার তেমনই 'ভিসা বন্ড' নীতিতে বাংলাদেশকে যুক্ত করল তারা। এই নিয়ম অনুযায়ী বি-১ এবং বি-২ ভিসার (ব্যবসা, পর্যটন এবং চিকিৎসা) আবেদন জানাতে গেলে ১৫,০০০ ডলার পর্যন্ত জমা দিতে হবে প্রত্যেক আবেদনকারীকে। ভিসাধারী ব্যক্তি মেয়াদের মধ্যে আমেরিকা না ছাড়লে ওই অর্থ বাজেয়াপ্ত করার ক্ষমতা থাকবে আমেরিকার বিদেশ দফতরের। ভিসা বন্ড নীতির শর্ত পূরণ করতে পারলে অবশ্য ওই টাকা ফেরত পাওয়া যাবে। বাংলাদেশকে নিয়ে এই তালিকায় থাকা দেশের সংখ্যা দাঁড়াল ৩৮।

## ৪-১-এ অ্যাসেজ জয় অস্ট্রেলিয়ার



৮ জানুয়ারি: অস্ট্রেলিয়ার সিডনিতে অ্যাসেজ সিরিজের পঞ্চম তথা শেষ টেস্টে ইংল্যান্ডকে ৫ উইকেটে হারিয়ে জয়ী হল অস্ট্রেলিয়া। সেইসঙ্গে ৪-১ ফলে অ্যাসেজ জিতে নিল তারা। সিডনি টেস্টে ইংল্যান্ডের প্রথম ইনিংসে ৩৮৪ রানের জবাবে অস্ট্রেলিয়া ৫৬৭ রান তোলে। ১৮৩ রান পিছিয়ে থেকে ইংল্যান্ড দ্বিতীয় ইনিংস ৩৪২ রানে শেষ করে। ১৬০ রানের জয়ের লক্ষ্য ৫ উইকেট হারিয়ে তুলে নেয় অস্ট্রেলিয়া। ম্যাচের সেরা হয়েছেন ট্র্যাভিস হেড এবং সিরিজ সেরা মিচেল স্টার্ক।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## উচ্চ মাধ্যমিকের পর যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ভাষা শিক্ষা

**নিজস্ব প্রতিনিধি:** বিভিন্ন বিদেশি ভাষা এবং তিনটি ভারতীয় ভাষা শেখার সুযোগ রয়েছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব ইন্টারডিসিপ্লিনারি স্টাডিজ, ল অ্যান্ড ম্যানেজমেন্টের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড লিঙ্গুইস্টিক্স এই কোর্সগুলির আয়োজক। এগুলি ডিপ্লোমা এবং অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স। প্রতিটির মেয়াদ ১ বছর। মার্চে ক্লাস শুরু হবে। আগ্রহীরা এখনই ভর্তির জন্য আবেদন করতে পারেন।

**কী-কী ভাষা শেখা যাবে:** কোরিয়ান, জাপানি, চিনা, ফরাসি, জার্মান, স্প্যানিশ, ইংরেজি, বাংলা, হিন্দি এবং সংস্কৃত।

**ক্লাসের সময়:** সপ্তাহে দু' দিন ক্লাস। বিকেল ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত।

**শিক্ষাগত যোগ্যতা:** দ্বাদশ উত্তীর্ণ। যে-কোনও ডিপ্লোমা কোর্সে ভর্তির ক্ষেত্রে সেই ভাষায় সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে সংশ্লিষ্ট ভাষায় ডিপ্লোমা থাকা আবশ্যক।

**আবেদনের শেষ তারিখ:** ১১ ফেব্রুয়ারি।

**আবেদন করবেন কী ভাবে:** অনলাইন আবেদন করতে হবে বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://jadavpuruniversity.in/ আবেদনের ফি ১০০ টাকা।

বিশদ তথ্য পাবেন বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রেডিয়ো প্রোডাকশন নিয়ে পড়ার সুযোগ

**নিজস্ব প্রতিনিধি:** যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব মিডিয়া, কমিউনিকেশন অ্যান্ড কালচার, বেতারের খুঁটিনাটি বিষয়ে একটি সার্টিফিকেট কোর্স পড়াবে। এই কোর্সটি ইউজিসি অনুমোদিত। সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে যোগ্যতা যাচাই করে কোর্সে ভর্তি নেওয়া হবে। পড়ুয়াদের পাশাপাশি কর্মরতরাও কোর্সটি করতে পারবেন।

**কোর্সের নাম:** রেডিয়ো প্রোডাকশন।

**কোর্সের মেয়াদ:** ছ' মাস। সপ্তাহে ৩ দিন ক্লাস।

**আসন সংখ্যা:** ৩০।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় অন্তত উচ্চ মাধ্যমিক পাশ।

**কী পড়ানো হবে:** রেডিয়োর জন্য অনুষ্ঠান পরিকল্পনা, স্ক্রিপ্ট তৈরি করা, উপস্থাপনা, রেকর্ডিং, এডিটিং ইত্যাদি।

**কোর্স ফি:** ১৭,৭০০ টাকা (জিএসটি সহ)।

**ভর্তির প্রক্রিয়া:** সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে যোগ্যতা যাচাই করে ভর্তি নেওয়া হবে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইউজি আর্টস বিল্ডিংয়ের একতলায় স্কুল অব মিডিয়া, কমিউনিকেশন অ্যান্ড কালচারে ইন্টারভিউ ১৩ ফেব্রুয়ারি দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত। নির্দিষ্ট বয়ানে পূরণ করা আবেদনপত্র এবং প্রয়োজনীয় নথিপত্র সঙ্গে নিয়ে ইন্টারভিউয়ে যাবেন। আবেদনপত্র পাওয়া যাবে বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন সেন্টারে, ছুটির দিন বাদে সোম থেকে শুক্রবার, প্রতিদিন সকাল ১১টা থেকে দুপুর ২টো এবং দুপুর আড়াইটে থেকে বিকেল ৪টে পর্যন্ত। আবেদনপত্রের মূল্য ৫০ টাকা।

বিশদ জানতে দেখুন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: www.jadavpuruniversity.in

## সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ে বি টেক



**নিজস্ব প্রতিনিধি:** সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ের জেভিয়ার স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজিতে প্রযুক্তি ও কারিগরির বিভিন্ন শাখায় বি টেক কোর্স পড়া যাবে। চলতি শিক্ষাবর্ষ থেকেই এই পঠনপাঠন শুরু হচ্ছে। আবেদনকারীদের ২০২৩ থেকে ২০২৬ সালের মধ্যে উচ্চ মাধ্যমিক পাশ করে থাকতে হবে। যাঁরা চলতি বছরে উচ্চ মাধ্যমিক পরীক্ষা দেবেন, তাঁরাও আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করা হবে পরীক্ষার মাধ্যমে।

**পড়া যাবে কী-কী বিষয়:** কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, এআই অ্যান্ড এমএল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং ইনফর্মেশন টেকনোলজি।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল। মোট অন্তত ৬০ শতাংশ নম্বর এবং ইংরেজি, ফিজিক্স ও ম্যাথমেটিক্সে অন্তত ৪৫ শতাংশ নম্বর থাকা বাধ্যতামূলক।

**ক্লাসের সময়:** সোম থেকে শনিবার, প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৪টে ৪০ মিনিট পর্যন্ত।

**আবেদনের শেষ তারিখ:** ৭ এপ্রিল।

**কী ভাবে আবেদন:** অনলাইন আবেদন করতে হবে বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://admissions.sxuk.edu.in/b-tech আবেদনের ফি ১,১০০ টাকা। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা ১২ এপ্রিল।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রবীন্দ্র ভারতীতে দেশি ও বিদেশি ভাষার কোর্স

জার্মান, জাপানিজ, সংস্কৃত-সহ বিভিন্ন দেশি ও বিদেশি ভাষার সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড কালচার। পড়ানো হয় লেভেল-১ থেকে লেভেল-৪ পর্যন্ত। প্রতিটি লেভেলে কোর্সের মেয়াদ ছয় মাস।

কোর্সের বিবরণ: পড়ানো হবে এই সব বিষয়ে: আরবি, জাপানিজ, চাইনিজ, ইংরেজি, ফরাসি, ফাংশনাল বাংলা, স্প্যানিশ, জার্মান, হিন্দি, ইতালিয়ান, পার্সি, রুশ, তিব্বতি, সাঁওতালি, সংস্কৃত ও উর্দু।

শিক্ষাগত যোগ্যতা: সাঁওতালি, ফাংশনাল বাংলা ও ইংরেজির ক্ষেত্রে মাধ্যমিক ও অন্যান্য বাকি ভাষার ক্ষেত্রে উচ্চমাধ্যমিক পাশ।

কোর্স ফি: ভারতীয় ভাষার ক্ষেত্রে ৩,০০০ টাকা এবং অন্যান্য ভাষার ক্ষেত্রে ৪,০০০ টাকা। সঙ্গে এক্সামিনেশন ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা।

আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হচ্ছে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের ফর্ম ও অ্যান্টি-র‍্যাগিং ডিক্লারেশন ফর্ম ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.rbu.ac.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথ ভাবে।

আবেদনের শেষ তারিখ ২৮ ফেব্রুয়ারি। আবেদনপত্র জমা দেবেন এই ঠিকানায়: Office of the School of Languages & Culture, Rabindra Bharati University, E.B. Campus, 56, B.T. Road, Kolkata-700050.

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

ম্যানুস্ক্রিপ্টোলজি অ্যান্ড প্যালিয়োগ্রাফির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ১ বছর।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সংস্কৃত ভাষা ও দেবনাগরী লিপি জানলে অগ্রাধিকার।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে যে কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: www.rbu.ac.in, www.online.rbu.net.in আবেদনের শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কী শিখবেন, কোথায় শিখবেন

## বাগান সৌন্দর্যায়নের প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** বসতবাড়ি ছাড়াও রাস্তার দু'পাশ, পার্ক, সরকারি-বেসরকারি অফিস, কলেজ, স্কুল, আবাসন ইত্যাদি জায়গায় বাগান নির্মাণের মাধ্যমে পরিবেশের সৌন্দর্যায়ন করা হয়। গাছ রোপণ ও তার পরিচর্যা, গাছের সৌন্দর্য বাড়িয়ে তোলা, গাছ ছাঁটাই করে বিভিন্ন অবয়ব তৈরি— আধুনিক বাগান তৈরি করতে এক জন পেশাদার উদ্যানপালককে এই সবই জানতে হবে। সেইসঙ্গে তাঁর নিজের শৈল্পিক সত্তা ও প্রযুক্তি-কারিগরির প্রতি আগ্রহও অবশ্য থাকা দরকার।

বর্তমানে পরিবেশ সুরক্ষার জন্য বৃহৎ মাত্রায় সবুজায়ন ও সীমিত পরিসরে বাগান তৈরির চল ক্রমশ বাড়ছে। সে জন্যই এই কাজে প্রশিক্ষণপ্রাপ্তদের চাহিদাও তৈরি হচ্ছে।

চলতি মাসে বাগান নির্মাণ ও তার পরিচর্যা বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ দেবে উত্তরপ্রদেশের নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। মহিলা ও পুরুষ উভয়ই আবেদন করতে পারেন। বয়সের কোনও বাধ্যবাধকতা নেই। হোস্টেলে থাকার ব্যবস্থা আছে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**কোর্সের নাম:** ল্যান্ডস্কেপ অ্যান্ড গার্ডেন মেইনটেন্যান্স।

**কী শেখানো হবে:** মাটির স্বাস্থ্য, কী ভাবে ঘাসের লন তৈরি করতে হয় এবং তার রক্ষণাবেক্ষণ, মাইক্রো ইরিগেশন টেকনিক, গাছ ছাঁটাই, বাগান পরিচর্যা ইত্যাদি। **কোর্সের সময়:** ২৪ থেকে ২৮ ফেব্রুয়ারি। প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত ক্লাস। **কোর্স ফি:** ১০,৮৫০ টাকা।

**আবেদনের পদ্ধতি:** ভর্তির জন্য অনলাইন আবেদন করতে হবে প্রতিষ্ঠানের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iht.edu.in বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

উল্লেখ্য, ল্যান্ডস্কেপ অ্যান্ড গার্ডেন মেইনটেন্যান্স বিষয়ে এই প্রতিষ্ঠানে বছরের বিভিন্ন সময় অনলাইন প্রশিক্ষণও দেওয়া হয়। যাঁদের পক্ষে বাড়ির বা রাজ্যের বাইরে থেকে হাতে-কলমে কাজ শেখা সম্ভব নয়, তাঁরা এই অনলাইন কোর্সটি করতে পারেন।

## রাজ্য বিদ্যুৎ সংস্থায় ১৩৮ অ্যাপ্রেন্টিসশিপ

*প্রথম পাতার পর*

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nats.education.gov.in এবং আইটিআই অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। আবেদন করা যাবে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbsetcl.in

## অ্যাডমিট কার্ড

সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: 01/2025 অনুসারে দেশজুড়ে বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে নিয়োগের লিখিত পরীক্ষা হবে ১৩ থেকে ১৮ ফেব্রুয়ারি। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে কলকাতার আরআরবি-র ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrbkolkata.gov.in এবং শিলিগুড়ি আরআরবি-র ক্ষেত্রে এই ওয়াবসাইটের মাধ্যমে: www.rrbsiliguri.gov.in



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে

# ২৯৮৯ গ্রুপ 'সি'

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 1 বাইট = কত বিট?
(a) 4 বিটস (b) 8 বিটস (c) 16 বিটস (d) 20 বিটস

2. ROM-এর পুরো নাম হল:
(a) Read Only Memory (b) Random Only Memory (c) Read Optical Memory (d) Random Optical Memory

3. দাস ক্যাপিট্যাল বইটি কার লেখা?
(a) কার্ল মার্কস (b) লেনিন (c) মাইকেল অ্যাঞ্জেলো (d) স্ট্যালিন

4. হরিপ্রসাদ চৌরাশিয়া যে বাদ্যযন্ত্রের সঙ্গে যুক্ত তা হল:
(a) সানাই (b) বাঁশি (c) সেতার (d) সারেঙ্গী

5. রামচরিত মানসের রচয়িতা হলেন:
(a) ইবন বতুতা (b) তুলসী দাস (c) সন্ধ্যাকর নন্দী (d) ফা-হিয়েন

6. 'Table Salt' কাকে বলে?
(a) ম্যাগনেসিয়াম ক্লোরাইড (b) সোডিয়াম ক্লোরাইড (c) ক্যালসিয়াম ক্লোরাইড (d) পটাসিয়াম ক্লোরাইড

7. কলকাতা মেডিক্যাল কলেজ স্থাপিত হয়:
(a) 1856 সালে (b) 1857 সালে (c) 1835 সালে (d) 1836 সালে

8. লোকটক হ্রদ ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) মেঘালয় (b) মণিপুর (c) আসাম (d) ত্রিপুরা

9. সবুজ বিপ্লবের প্রভাব সর্বাধিক পড়েছিল:
(a) উত্তর-পূর্ব ভারতে (b) উত্তর ভারতে (c) দক্ষিণ ভারতে (d) উত্তর পশ্চিম ভারতে

10. কেরালা রাজ্য ভারতের কোন উপকূলে অবস্থিত?
(a) কোঙ্কন (b) মালাবার (c) উত্তর সরকার (d) করমণ্ডল

11. বর্তমানে ভারতের সর্বাধিক জনবহুল রাজ্য হল:
(a) পশ্চিমবঙ্গ (b) বিহার (c) উত্তর প্রদেশ (d) মহারাষ্ট্র

12. নীচের কোন বংশটি শেরশাহের?
(a) তুলুভ (b) শুর (c) সৈয়দ (d) মুঘল

13. কেশরী পত্রিকার সম্পাদক ছিলেন:
(a) লালা লাজপৎ রায় (b) বাল গঙ্গাধর তিলক (c) বিপিন চন্দ্র পাল (d) অশ্বিনীকুমার দত্ত

14. চোল বংশীয় শাসকরা কোন দেবতার উদ্দেশ্যে একাধিক স্থাপত্য নির্মাণ করেছিলেন?
(a) ব্রহ্মা (b) বিষ্ণু (c) মহেশ্বর (d) গণেশ

15. শান্তি নিকেতনের অনুপম ভাস্কর্য্যের স্রষ্টা হলেন:
(a) রামানন্দ বন্দ্যোপাধ্যায় (b) রামতনু লাহিড়ি (c) রাম কিঙ্কর বেজ (d) রামশংকর দাস

16. নীচের কোনটি দ্রাবিড় ভাষাগোষ্ঠীর রাজ্য?
(a) উত্তর প্রদেশ (b) পাঞ্জাব (c) হরিয়ানা (d) তামিলনাড়ু

17. কোন সম্প্রদায়ের লোকেরা পুরুষৎপুমি উৎসবটি পালন করে?
(a) গান্দি (b) জারওয়া (c) টোডা (d) লোধা

18. গান্ধার শিল্প কোন শিল্পকলার সমন্বয়?
(a) গ্রিক, ইতালীয়, রোম (b) গ্রিক, রোম, ভারতীয় (c) গ্রিক, চৈনিক, ভারতীয় (d) গ্রিক, তিব্বতীয়, ভারতীয়

19. 'Birds' Nests ছবিটি এঁকেছেন:
(a) ভ্যানগঘ (b) লিওনার্দো দ্য-ভিঞ্চি (c) পাবলো পিকাসো (d) রাফায়েল

20. চের্নোবিল দুর্ঘটনা প্রকৃতপক্ষে:
(a) পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রে বিস্ফোরণ (b) ভুমিধসজনিত বিপর্যয় (c) ভূকম্পজনিত বিপর্যয় (d) গাড়ি বোমা বিস্ফোরণ

21. 'Back up' means:
(a) To interrupt (b) To support (c) To confirm (d) To fail

22. 'Blow out' means:
(a) To rail (b) To explode (c) To stop (d) To develop

23. Mr. Roy has put ___ some money for his daughter's marriage.
(a) up (b) off (c) aside (d) out

24. The passengers blamed the driver ____ the accident.
(a) to (b) for (c) of (d) in

25. He is convicted ___ theft.
(a) by (b) to (c) of (d) with

26. The old man is not free ___ anxiety.
(a) from (b) of (c) to (d) for

27. Which is the appropriate spelling?
(a) Semister (b) Samaster (c) Semester (d) Samastar

28. Synonym of 'Fractious':
(a) Pleasing (b) Fortuitous (c) Forceful (d) Irritable

29. Synonym of 'Graphic':
(a) Pictorial (b) Geometrical (c) Cryptic (d) Parallel

30. Antonym of 'Zeal':
(a) Passionate (b) Fanatic (c) Virtuous (d) Indifference

31. একটি অফিস স্ট্যাম্প 7, 8, 10 আছে। নীচের কোন মূল্যের স্ট্যাম্পটি কেনা যাবে না?
(a) 19 (b) 20 (c) 23 (d) 29

32. 
এখানে ক'টি আয়তক্ষেত্র আছে?
(a) 15টি (b) 16টি (c) 17টি (d) 18টি

33. একটি বিজ্ঞানসম্মত লুডোর ছক্কার উপরিতলে 5 থাকলে, তার নিম্নতলে কত থাকবে?
(a) 4 (b) 2 (c) 3 (d) 1

এরপর নয়ের পাতায়

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

108. প্রতি বছর কোন তারিখে সংবিধান দিবস পালন করা হয়?
(a) 15 অগস্ট (b) 26 জানুয়ারি (c) 2 অক্টোবর (d) 26 নভেম্বর

109. ধর্মেন্দ্র, যিনি সম্প্রতি (নভেম্বর 2025 সালে) 89 বছর বয়সে মারা যান, তিনি ভারতীয় চলচ্চিত্রে কোন উপাধিতে জনপ্রিয় ছিলেন?
(a) প্রেমের রাজা (b) বলিউডের হি-ম্যান (c) ট্র্যাজেডি কিং (d) ভারতের শোম্যান

110. নভেম্বরে বাংলাদেশের ঢাকায় অনুষ্ঠিত 2025 সালের মহিলা কাবাডি বিশ্বকাপ কে জিতেছে?
(a) চাইনিজ তাইপে (b) ইরান (c) জাপান (d) ভারত

111. 2025 সালের নভেম্বরে ভারতীয় নৌবাহিনী কর্তৃক কমিশনপ্রাপ্ত ভারতের প্রথম দেশীয় অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ার শ্যালো ওয়াটার ভেসেলের নাম কী?
(a) INS শিবালিক (b) INS মাহে (c) INS বিক্রান্ত (d) INS কাভারত্তি

112. কোন ভারতীয় খেলোয়াড় 2025 সালের নভেম্বরে অস্ট্রেলিয়ান ওপেন ব্যাডমিন্টন 2025 পুরুষদের একক শিরোপা জিতেছিলেন?
(a) কিদাম্বি শ্রীকান্ত (b) এইচ এস প্রণয় (c) লক্ষ্য সেন (d) সাত্বিক সাইরাজ রঙ্কিরেড্ডি

113. 2025 সালের নভেম্বরে অনুষ্ঠিত G20 শীর্ষ সম্মেলন কোন প্রধান দেশ বয়কট করেছিল?
(a) চিন (b) মার্কিন যুক্তরাষ্ট্র (c) রাশিয়া (d) যুক্তরাজ্য

114. 24 নভেম্বর 2025 তারিখে ভারতের 53তম প্রধান বিচারপতি হিসেবে কে শপথ গ্রহণ করেন?
(a) বিচারপতি বি আর গাভাই (b) বিচারপতি সূর্যকান্ত (c) বিচারপতি এন ভি রমনা (d) বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়

115. 2025 সালের নভেম্বরে 20তম G20 নেতাদের শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
(a) নয়া দিল্লি, ভারত (b) রিও ডি জেনেইরো, ব্রাজিল (c) জোহানেসবার্গ, দক্ষিণ আফ্রিকা (d) কায়রো, মিশর

116. 2025 সালের নভেম্বরে ব্যাংককে অনুষ্ঠিত মিস ইউনিভার্স 2025 খেতাব কে জিতেছেন?
(a) মিস থাইল্যান্ড (b) মিস ভেনেজুয়েলা (c) ফাতিমা বোশ (মেক্সিকো) (d) মিস ফিলিপাইন

117. 2025 সালের নভেম্বরে বাস্তবায়িত শ্রম সংস্কারের মধ্যে কোন সুবিধা অন্তর্ভুক্ত?
(a) শ্রমিকদের সন্তানদের জন্য বিনামূল্যে শিক্ষা (b) 40 বছরের বেশি বয়সী শ্রমিকদের জন্য বিনামূল্যে বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা (c) বাধ্যতামূলক আবাসন বরাদ্দ (d) 50 বছর বয়সে অবসর গ্রহণ

118. ম্যানগ্রোভ বন দেখতে পাওয়া যায়?
(a) পশ্চিমঘাট (b) পূর্বঘাট (c) কৃষ্ণা ও গোদাবরী বদ্বীপ অঞ্চল (d) উত্তর-পূর্ব হিমালয়

119. আর্দ্র গ্রীষ্মমণ্ডলীয় চিরসবুজ বন দেখতে পাওয়া যায় কোথায়?
(a) দাক্ষিণাত্য মালভূমি (b) শিলং মালভূমি (c) দক্ষিণ রাজ্য (d) শিবালিক

এরপর দশের পাতায়

## স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে

# ৫৪৮৮ গ্রুপ 'ডি'

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. পৃথিবীর দীর্ঘতম কম্পিউটার নেটওয়ার্ক কোনটি?
(a) LAN (b) Internet (c) yahoo.com (d) Intranet

2. স্পঞ্জ কী?
(a) জলজ প্রাণী (b) জীবাশ্ম (c) উদ্ভিদ (d) ছত্রাক

3. কোন কলা, পাতায় প্রস্তুত খাদ্য উদ্ভিদ দেহে পরিবহন করে?
(a) ট্রাকিয়া (b) জাইলেম (c) মূল (d) ফ্লোয়েম

4. পটাশিয়াম-এর রাসায়নিক সংকেত কী?
(a) P (b) PZ (c) K (d) Na

5. শুষ্ক বরফ কী থেকে তৈরি হয়?
(a) $CO_2$ (b) $NO_2$ (c) $H_2O_2$ (d) CO

6. পেনসিলে কোন পদার্থ ব্যবহৃত হয়?
(a) কোক (b) ভূষাকালি (c) লেড (d) গ্রাফাইট

7. কুতুবমিনারের নির্মাণকার্য কে শেষ করেন?
(a) ইলতুৎমিস (b) কুতুবউদ্দিন আইবক (c) রাজিয়া (d) বলবন

8. ঋতুসংহার কার রচনা?
(a) জয়দেব (b) কালিদাস (c) ভবভূতি (d) বিদ্যাপতি

9. তালিকোটার যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়েছিল?
(a) 1191 (b) 1526 (c) 1565 (d) 1192

10. বিজয়নগর রাজ্যের রাজধানীর নাম কী ছিল?
(a) কাঞ্চিপুরম (b) মাইশোর (c) আইহোল (d) হাম্পি

11. ভারতীয় সংবিধানে 'রাষ্ট্রপতি নির্বাচন পদ্ধতিটি' কোন দেশের সংবিধান থেকে গৃহীত?
(a) জার্মানি (b) ইউ এস এ (c) আইরিশ (d) দক্ষিণ আফ্রিকা

12. পৃথিবীর বৃহত্তম গণতন্ত্র কোনটি?
(a) চিন (b) ভারত (c) আমেরিকা (d) ব্রাজিল

13. মূল সংবিধানে কতগুলি ধারা ছিল?
(a) 395 (b) 376 (c) 440 (d) 386

14. সম্প্রতি আলোচিত পার্থেনিয়াম কী?
(a) আক্রমনাত্মক আগাছা (b) নতুন অবস্থিত মাছের প্রজাতি (c) খরা প্রতিরোধী ফসল (d) ঐতিহ্যবাহী ঔষধ

15. ইকুয়েডরের রাষ্ট্রপতি হিসেবে কে শপথ নিলেন?
(a) অ্যানালেনা বেয়ারবক (b) কামিল ইদ্রিস (c) ড্যানিয়েল নোবোয়া (d) নিকুসর ড্যান

16. 'গড়বা' কোন রাজ্যের নৃত্য?
(a) হিমাচল প্রদেশ (b) হরিয়ানা (c) রাজস্থান (d) গুজরাট

17. ইহুদি মেনুহিন কোন বাজনা বাজিয়ে বিশ্বখ্যাত হন?
(a) বেহালা (b) পিয়ানো (c) বাঁশি (d) গিটার

18. নীচের কে নোবেল পুরস্কার ও ভারতরত্ন উভয় পুরস্কারই পেয়েছেন?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) মাদার টেরেসা (c) জওহরলাল নেহরু (d) মহাত্মা গান্ধী

19. 'পদাতিক'-এর লেখক কে?
(a) সুভাষ মুখোপাধ্যায় (b) অরুণ মিত্র (c) সুকান্ত ভট্টাচার্য (d) কাজি নজরুল ইসলাম

20. রেলওয়ে স্টাফ কলেজ কোথায় অবস্থিত?
(a) পুনে (b) দিল্লি (c) ভাদোদরা (d) এলাহাবাদ

21. একটি চিড়িয়াখানায় কিছু গোরু ও কিছু তোতাপাখি আছে। যদি মোট পায়ের সংখ্যা 52 এবং মোট মাথার সংখ্যা 20 হয়, তবে গোরুর সংখ্যা কত?
(a) 8 (b) 4 (c) 12 (d) 6

22. 83 টাকা প্রতি কিলোগ্রাম চিনির সঙ্গে 46 টাকা প্রতি কিলোগ্রাম চিনি কী অনুপাতে মিশিয়ে 80.3 টাকা প্রতি কিলোগ্রাম বিক্রি করলে 46% লাভ হবে?
(a) 8 : 30 (b) 9 : 28 (c) 10 : 27 (d) 7 : 30

23. পিতার বয়স পুত্রের বয়সের 9 গুণ এবং মাতার বয়স পুত্রের বয়সের 8 গুণ। পিতা ও মাতার বয়সের যোগফল 51 বছর। পুত্রের বয়স কত?
(a) 5 (b) 4 (c) 3 (d) 7

24. ছ'টি ঘণ্টা একত্রে বাজার পর যথাক্রমে 3, 6, 9, 12, 15 এবং 18 সেকেন্ড অন্তর বাজে। 30 মিনিট সময়ে ঘণ্টাগুলি একত্রে কতবার বাজবে?
(a) 10 বার (b) 12 বার (c) 9 বার (d) 15 বার

25. $\sqrt{90 \div 0.09 \times 10}$ -এর মান কত?
(a) 81000 (b) 1000 (c) 100 (d) 8100

26. স্রোতের গতিবেগ 6 কিমি/ঘণ্টা ও স্রোতের প্রতিকূলে নৌকার গতিবেগ 16 কিমি/ঘণ্টা হলে, স্রোতের অনুকূলে নৌকার গতিবেগ কত?
(a) 42 কিমি/ঘণ্টা (b) 36 কিমি/ঘণ্টা (c) 28 কিমি/ঘণ্টা (d) 32 কিমি/ঘণ্টা

27. 10 জন লোক এবং 8 জন বালক যে পরিমাণ কাজ করতে পারে, 4 জন লোক এবং 20 জন বালকও সেই পরিমাণ কাজ করতে পারে। তাহলে কতজন লোক 16 জন বালকের সমান কাজ করতে পারবে?
(a) 10 জন (b) 8 জন (c) 12 জন (d) 6 জন

28. পচা মাছের জন্য মাছ বিক্রেতা 10% ক্ষতিতে মাছ বিক্রি করতে বাধ্য হয়েছেন। মাছের ক্রয়মূল্য 250 টাকা হলে বিক্রয়মূল্য কত হবে?
(a) 225 টাকা (b) 235 টাকা (c) 230 টাকা (d) 220 টাকা

29. 500 টাকার উপর 40% ছাড় এবং 500 টাকার উপর পরপর 36% এবং

এরপর নয়ের পাতায়

www.gkbangla.in

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে

## ২৯৮৯ গ্রুপ 'সি'

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

আগের পাতার পর

34. 21 7 / 30    28 4 / 70    55 11 / ?


(a) 42 (b) 46 (c) 48 (d) 50

35.

| | | |
|---|---|---|
| 42 | 53 | 57 |
| 7 | 9 | 5 |
| 492 | 774 | ? |

(a) 285 (b) 582 (c) 375 (d) 775

36. নীচের ছবিতে ক'টি বর্গক্ষেত্র আছে?




(a) 4টি (b) 5টি (c) 6টি (d) 8টি

37. তোমার মামার ছেলের পিসেমশাই তোমার কে হবে?

(a) ভাই (b) কাকা (c) বাবা (d) মামা

38. কোনটি বেমানান?



(a) (b) (c) (d)

39. 11, 13, 17, 19, 23, ?

(a) 26 (b) 27 (c) 29 (d) 28

40. 15, 20, 30, ?, 65

(a) 40 (b) 45 (c) 50 (d) 60

41. বার্ষিক $6\frac{1}{4}$% হারে সরল সুদে 292 টাকার 1 দিনের সুদ নির্ণয় করুন:

(a) 6 পয়সা (b) 8 পয়সা (c) 5 পয়সা (d) 7 পয়সা

42. 100 ও 150-এর মধ্যবর্তী 8-এর গুণিতক সংখ্যাগুলির যোগফল কত?

(a) 744 (b) 644 (c) 544 (d) 844

43. A এবং B একটি কাজ একত্রে 16 দিনে করতে পারে। A একা কাজটি 20 দিনে করলে B কত দিনে একা কাজটি শেষ করতে পারবে?

(a) 40 দিনে (b) 45 দিনে (c) 60 দিনে (d) 80 দিনে

44. 12% সরল সুদে 1200 টাকা 12 বছরে সুদে-আসলে কত টাকা হবে?

(a) 2728 টাকা (b) 2828 টাকা (c) 2928 টাকা (d) 3028 টাকা

45. $\sqrt{2}$ -এর মান কত?

(a) 1.441 (b) 1.414 (c) 1.144 (d) 1.148

46. ডিজেলের মূল্য 40 টাকা থেকে বৃদ্ধি পেয়ে 43 টাকা হলে বৃদ্ধির শতকরা হার কত?

(a) 6% (b) 7.5% (c) 8% (d) 10%

47. 12টি সাবানের ওজন 5.604 কিলোগ্রাম হলে, 5টি সাবানের ওজন কত হবে?

(a) 2.775 কিলোগ্রাম (b) 2.725 কিলোগ্রাম (c) 2.535 কিলোগ্রাম (d) 2.335 কিলোগ্রাম

48. স্টেশনে দাঁড়ানো এক ব্যক্তিকে 280 মিটার লম্বা একটি ট্রেন 14 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ ঘণ্টায় কত ছিল?

(a) 72 কিলোমিটার (b) 66 কিলোমিটার (c) 60 কিলোমিটার (d) 54 কিলোমিটার

49. দু'টি সংখ্যার ল.সা.গু ও গ.সা.গু যথাক্রমে 45 একটি সংখ্যা 15 হলে, অপরটি হবে?

(a) 45 (b) 3 (c) 27 (d) 18

50. 81 কিলোগ্রাম চিনির মূল্য 2432 টাকা হলে 3002 টাকায় কত কিলোগ্রাম চিনি পাওয়া যাবে?

(a) 94 কিলোগ্রাম (b) 99 কিলোগ্রাম (c) 101 কিলোগ্রাম (d) 100 কিলোগ্রাম

51. একটি জলাধার প্রথম পাইপ দিয়ে 4 মিনিটে পূর্ণ হয় এবং অপর পাইপ দিয়ে 5 মিনিটে খালি হয়। যদি দু'টি পাইপই একসঙ্গে খোলা থাকে, তবে জলাধারটি কত মিনিটে ভর্তি হবে?

(a) 16 মিনিটে (b) 20 মিনিটে (c) 24 মিনিটে (d) 30 মিনিটে

52. 39.05 × 14.95 – 27.99 × 10.12 = (36 + ?) × 5 = ?

(a) 45 (b) 50 (c) 24 (d) 75

53. রাজু 423 টাকায় একটা চেয়ার বিক্রি করায় তার 6% ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে 8% লাভ হত?

(a) 486 টাকা (b) 494 টাকা (c) 502 টাকা (d) 504 টাকা

54. কোন ক্ষুদ্রতম সংখ্যাটি 2, 3, 4, 5, 6, 7 দ্বারা বিভাজ্য?

(a) 70 (b) 210 (c) 420 (d) 840

55. কোন অনুপাতে 75 টাকা কিলোগ্রাম দরের চায়ের সঙ্গে 120 টাকা কিলোগ্রাম দরের চা মিশ্রিত করে সেটি 125 টাকা কিলোগ্রাম দরে বিক্রি করলে 25% লাভ হবে?

(a) 3 : 2 (b) 2 : 3 (c) 3 : 5 (d) 4 : 5

56. দু'টি সংখ্যার যোগফল = 150 এবং ভাগশেষ 4 হলে সংখ্যা দু'টির মধ্যে পার্থক্য হবে:

(a) 90 (b) 88 (c) 84 (d) 80

57. 27 মিটার দৈর্ঘ্য এবং 21 মিটার প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার উঠোনকে সমান আকারের বর্গাকার পাথর দিয়ে ঢাকতে ক'টি পাথর লাগবে?

(a) 56টি (b) 60টি (c) 63টি (d) 69টি

58. রাম ও শ্যাম একটি ব্যবসা আরম্ভ করল, যাতে রামের মূলধন 8000 টাকা। বছর শেষে 3600 টাকা লাভ হলে এবং তা থেকে রাম 1600 টাকা পেল, শ্যামের মূলধন কত ছিল?

(a) 6000 টাকা (b) 7200 টাকা (c) 8800 টাকা (d) 10000 টাকা

59. দু'টি ট্রেনের গতিবেগের অনুপাত 4 : 3। যদি দ্বিতীয় ট্রেনটি 4 ঘণ্টায় 72 কিলোমিটার যায়, তাহলে প্রথম ট্রেনটি 3 ঘণ্টায় কতটা পথ যাবে?

(a) 72 কিলোমিটার (b) 56 কিলোমিটার (c) 84 কিলোমিটার (d) 96 কিলোমিটার

60. একপ্রকার পিতলে তামা ও দস্তার অনুপাত 7 : 4 এরূপ 33 কিলোগ্রাম পিতলে 6 কিলোগ্রাম দস্তা মেশালে তামা ও দস্তার অনুপাত কী হবে?

(a) 5 : 4 (b) 7 : 6 (c) 8 : 7 (d) 4 : 3

#### উত্তর

1(b), 2(a), 3(a), 4(b), 5(b), 6(b), 7(c), 8(b), 9(d), 10(b), 11(c), 12(b), 13(b), 14(c), 15(c), 16(d), 17(c), 18(b), 19(a), 20(a), 21(b), 22(a), 23(c), 24(b), 25(c), 26(a), 27(b), 28(c), 29(a), 30(d), 31(a), 32(d), 33(b), 34(d), 35(b), 36(b), 37(c), 38(d), 39(c), 40(b), 41(c), 42(a), 43(d), 44(c), 45(b), 46(b), 47(d), 48(a), 49(c), 50(d), 51(b), 52(c), 53(a), 54(c), 55(d), 56(a), 57(c), 58(d), 59(a), 60(b).

#### সমাধান

31(a): 7 + 8 + 8 = 23, 8 + 7 + 7 + 7 = 29, 10 + 10 = 20

∴ 19 টাকার স্ট্যাম্প পেপার কেনা যাবে না।

32(d): এখানে দৈর্ঘ্য বরাবর 2টি এবং প্রস্থ বরাবর 3টি আয়তক্ষেত্র আছে

∴ আয়তক্ষেত্রের সংখ্যা = (1 + 2) × (1+ 2 + 3) = 3 × 6 = 18টি।

33(b): উপরিতল + নিম্নতল = 7, উপরিতলে 5 থাকলে নিম্নতলে 2 থাকবে।

34(d): 21 ÷ 7 × 10 = 30, 28 ÷ 4 × 10 = 70, 55 ÷ 11 × 10 = 50.

35(b): 42 × 7 = 294, উল্টোলিখলে 492

অনুরূপে, 57 × 5 = 285, উল্টে লিখলে 582.

36(b): $1^2 + 2^2$ = 1 + 4 = 5.

37(c): বাবা।

38(d): একমাত্র বৃত্তই বাহুহীন।

39(c): পরপর মৌলিক সংখ্যাগুলি বসেছে।

40(b): 5, 10, 15, 20 এই পার্থক্যে লেখা হয়েছে।

41(c): ধরি, সুদ হবে x টাকা

| মূলধন | সুদ | দিন |
|---|---|---|
| 100 | $6\frac{1}{4}$ | 365 |
| 292 | x | 1 |

∴ সুদের সঙ্গে মূলধন ও দিন উভয়েরই সরল অনুপাত

তাই $\frac{x}{6\frac{1}{4}} = \frac{292}{100} \times \frac{1}{365} = \frac{4x}{25} = \frac{292}{100 \times 365}$

∴ $x = \frac{292 \times 25}{4 \times 100 \times 365} = \frac{1}{20}$ টাকা $= \left(\frac{1}{20} \times 100\right) = 5$ পয়সা।

42(a): 100-এর পরবর্তী 8-এর গুণিতক = 13 × 8 = 104

150-এর পূর্ববর্তী 8-এর গুণিতক = 18 × 8 = 144

∴ যোগফল $= \frac{104 + 144}{2} \times (18 - 13 + 1) = 124 \times 6 = 744$.

43(d): B একা কাজটি করে $\frac{20 \times 16}{20 - 16} = 80$ দিনে।

44(c): সুদ $= \frac{1200 \times 12 \times 12}{100} = 1728$ টাকা

∴ সুদ-আসল = (1200 + 1728) = 2928 টাকা।

45(b): $\sqrt{2} = 1.414$.

46(b): বৃদ্ধির শতকরা হার $\left(\frac{3}{40} \times 100\right)\% = \frac{15}{2}\% = 7.5\%$.

47(d): 12টি সাবানের ওজন = 5.604 কিলোগ্রাম

1টি সাবানের ওজন $= \frac{5.604}{12}$ কিলোগ্রাম

5টি সাবানের ওজন $= \frac{5.604 \times 5}{12} = 2.335$ কিলোগ্রাম।

48(a): ট্রেনটি 14 সেকেন্ডে যায় 280 মিটার

∴ ট্রেনটি 3600 সেকেন্ডে যায় $280 \times \frac{3600}{14}$ =72000 মিটার = 72 কিলোমিটার।

49(c): অপর সংখ্যাটি হবে $= \frac{45 \times 9}{15} = 27$.

50(d): 81 কিলোগ্রাম চিনির দাম 2432 টাকা

1 কিলোগ্রাম চিনির দাম $\frac{2432}{81}$ টাকা = 30.02 টাকা

∴ 3002 টাকায় পাওয়া যাবে $= \frac{3002}{30.02} = 100$ কিলোগ্রাম।

51(b): জলাধারটি পূর্ণ হতে সময় লাগবে $= \frac{4 \times 5}{5 - 4} = 20$ মিটার।

52(c): 39.05 × 14.95 – 27.99 × 10.12 = (36 + ?) × 5

বা, $36 + ? = \frac{300.5387}{5} = 60.10774$ বা, ? = 60 – 36 = 24 (প্রায়)।

53(a): বিক্রয়মূল্য $= 423 \times \frac{100}{(100 - 6)} \times \frac{(100 + 8)}{100} = 423 \times \frac{108}{94}$

= 9 × 54 = 486 টাকা।

54(c): 2, 3, 4, 5, 6, 7 -এর ল.সা.গু = 420.

55(d): মিশ্রণের ক্রয়মূল্য $= 125 \times \frac{100}{125}$ = 100 টাকা = 4 : 5.

56(a): সংখ্যাদু'টি x এবং y হলে, x + y = 150, $\frac{x}{y} = 4$

∴ 4y = x বা, 4y + y = 150 বা, 5y = 150, y = 30

বা, x + 30 = 150 বা, x = 150 – 30 = 120

∴ সংখ্যাদু'টির পার্থক্য = (120 – 30) = 90.

57(c): 27 ও 21 মিটারের গ.সা.গু = 3 মিটার

বৃহত্তর মাপের পাথর হবে প্রতিটি 3 মিটার বর্গ। অর্থাৎ প্রতিটি পাথরের ক্ষেত্রফল হবে $(3)^2$ বর্গমিটার = 9 বর্গমিটার

∴ মোট পাথর লাগবে $\frac{27 \times 21}{9} = 63$টি।

58(d): বছর শেষে শ্যাম লভ্যাংশ পায় (3600 – 1600) = 2000 টাকা

এখন শ্যামের মূলধন x টাকা হলে

$\frac{\text{রামের মূলধন}}{\text{শ্যামের মূলধন}} = \frac{\text{রামের লভ্যাংশ}}{\text{শ্যামের লভ্যাংশ}} = \frac{8000}{x} = \frac{1600}{2000}$

∴ $x = \frac{5 \times 8000}{4} = 10000$ টাকা।

59(a): দ্বিতীয় ট্রেনটি 1 ঘণ্টায় যায় $\frac{72}{4} = 18$ কিলোমিটার

ধরিলাম, প্রথম ট্রেনের বেগ = x

প্রশ্নানুসারে, $\frac{4}{3} = \frac{x}{18}$ ∴ x = 24

প্রথম ট্রেনটি 3 ঘণ্টায় যায় 24 × 3 = 72 ঘণ্টা।

60(b): ওই পিতলে তামার ওজন $= \left(33 \times \frac{7}{11}\right) = 21$ কিলোগ্রাম

দস্তার ওজন $= \left(33 \times \frac{4}{11}\right) = 12$ কিলোগ্রাম

নতুন পিতলে তামা : দস্তা = 21 : (12 + 6) = 21 : 18 = 7 : 6.

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে

## ৫৪৮৮ গ্রুপ 'ডি'

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

আগের পাতার পর

4% ছাড়ের পার্থক্য কত হবে?

(a) 0 (b) 18 (c) 7.20 (d) 2

30. দু'টি সংখ্যার অনুপাত 4 : 5 এবং তাদের ল.সা.গু = 100। সংখ্যাদু'টির যোগফল কত?

(a) 50 (b) 45 (c) 40 (d) 90


31. অনিলকে দেখিয়ে গীতা বলল, 'সে হল আমার মায়ের ভাইয়ের ছেলে।' অনিল গীতার কে হয়?

(a) কাকা (b) মামা (c) বাবা (d) মামাতো ভাই

32. G-এর বাবা হল X-এর পুত্র। P হল G-এর কাকা। Y-হল X-এর ভাই। Y, P-এর কে হয়?

(a) কাকা (b) ভাই (c) বাবা (d) দাদু

33. নীচের কোন ভেনচিত্রটি 'বিচারক, চোর ও অপরাধী' এদের মধ্যে সম্পর্ককে নির্দেশ করে?



(a) (b) (c) (d)

34. কোন চিত্রটি 'গাছ, সমুদ্র ও আকাশ' এদের মধ্যে সম্পর্ক নির্দেশ করে?



(a) (b) (c) (d)

35. কোনও সংকেত অনুযায়ী 'hot brown tea' মানে '123', 'very hot day' মানে '356' এবং 'day and night' মানে '589'। তাহলে very-এর সংকেত কী হবে?

(a) 7 (b) 8 (c) 6 (d) 5

36. শব্দগুলির মধ্যে যেটির সঙ্গে যে শব্দ বিদ্যমান সেটি শনাক্ত করুন:

গাছ : Botany : : মানুষ : ?

(a) Anthropology (b) Ecology (c) Sociology (d) Psychology

37. জলাতঙ্ক : কুকুর : : ইবোলা : ?

(a) মশা (b) বাদুড় (c) মাছ (d) বিড়াল

38. পরবর্তী বর্ণটি নির্ণয় করুন:

D, E, G, J, N, ?

(a) K (b) Y (c) P (d) S

39. লুপ্ত সংখ্যা নির্ণয় করুন:

| | | |
|---|---|---|
| 4 / 2 [26] 3 / 5 | 7 / 1 [62] 6 / 8 | 3 / 9 [?] 11 / 17 |

(a) 138 (b) 120 (c) 150 (d) 117

40. NATIONALISM শব্দটির বর্ণগুলির সাহায্যে নীচের শব্দগুলির মধ্যে কোন শব্দটি তৈরি করা যাবে?

(a) NOMINAL (b) TUITION (c) SANDAL (d) NOMINATION

#### উত্তর

1(b), 2(a), 3(d), 4(c), 5(a), 6(d), 7(a), 8(b), 9(c), 10(d), 11(c), 12(b), 13(a), 14(a), 15(c), 16(d), 17(a), 18(b), 19(a), 20(c), 21(d), 22(b), 23(c), 24(a), 25(c), 26(c), 27(b), 28(a), 29(c), 30(b), 31(d), 32(a), 33(d), 34(b), 35(c), 36(a), 37(b), 38(d), 39(d), 40(a).

এরপর দশের পাতায়

প্রস্তুত করেছেন: সৃষ্টিধর বেরা

www.skillbangla.in

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

120. সাইলেন্ট ভ্যালি কোন রাজ্যে অবস্থিত?
(a) তামিলনাড়ু (b) আসাম (c) কেরালা (d) রাজস্থান
121. কোথায় বৃহত্তম রিজার্ভ শাল বন পাওয়া যায়?
(a) সারান্ডা অরণ্য (b) নীলগিরি পাহাড় (c) দেরাদুন উপত্যকা (d) আরাবল্লি
122. কোথায় দন্ডকারণ্য প্রকল্প অবস্থিত?
(a) তামিলনাড়ু (b) মহারাষ্ট্র (c) মধ্যপ্রদেশ (d) গোয়া
123. ল্যাটেরাইটিক মাটিতে কীসের ঘাটতি নেই?
(a) চুন (b) লোহা (c) জৈব পদার্থ (d) ফসফেট
124. ভারতে কোন ধরনের বন সবচেয়ে বেশি এলাকা দখল করে?
(a) গ্রীষ্মমণ্ডলীয় আর্দ্র পর্ণমোচী (b) পাহাড়ি আর্দ্র নাতিশীতোষ্ণ (c) গ্রীষ্মমণ্ডলীয় শুষ্ক পর্ণমোচী (d) গ্রীষ্মমণ্ডলীয় শুষ্ক চিরসবুজ
125. সমুদ্রতীরবর্তী তৃণভূমিগুলি কোথায় পাওয়া যায়?
(a) হিমালয় (b) বিন্ধ (c) পশ্চিমঘাট (d) পূর্বঘাট
126. রেগুর শব্দটি ——— কে বোঝায়?
(a) ব-দ্বীপীয় পলিমাটি (b) ল্যাটেরাইটিক মাটি (c) কালো তুলা মাটি (d) লাল এবং হলুদ মাটি
127. বিশ্ব এইডস দিবস প্রতি বছর কোন তারিখে পালিত হয়?
(a) 15 অক্টোবর (b) 1 ডিসেম্বর (c) 5 জুন (d) 10 জানুয়ারি
128. সঙ্গম সাহিত্যের কেন্দ্র এবং সঙ্গম কবিদের পৃষ্ঠপোষক ছিলেন:
(a) উরাইয়ুরের চোলরা (b) মাদুরাইয়ের পাণ্ড্যরা (c) ভাঞ্জিরা চেরারা (d) উপরের সকলেই
129. ইন্দো-রোমান বাণিজ্যের প্রধান কেন্দ্র বা মিলনস্থল ছিল কোনটি?
(a) আলেকজান্দ্রিয়া (b) মাদুরাই (c) মুজিরিস (d) আরিকামেদু
130. সঙ্গম যুগে দক্ষিণ ভারতে আগত গ্রিকো-রোমান বণিকদের তামিল সাহিত্যে কী নামে উল্লেখ করা হয়েছে?
(a) পাহালভলাস (b) যৌবনস (c) আয়্যবনস (d) যবন
131. চোল আমলে গ্রামের রাস্তাঘাট রক্ষণাবেক্ষণের দায়িত্ব কে নিয়েছিলেন?
(a) বার্ষিক কমিটি (b) স্বর্ণ কমিটি (c) উদ্যান কমিটি (d) উপরের সকল কমিটি
132. চোল শাসক বিজয়াদিত্য কার সামন্ত প্রভু ছিলেন?
(a) পল্লবদের (b) পাণ্ড্যদের (c) রাষ্ট্রকূটদের (d) চালুক্যদের
133. নৌবাহিনী ধ্বংসকারী চোল রাজা কে ছিলেন?
(a) রাজেন্দ্র (b) পরান্তক I (c) আদিত্য (d) রাজা রাজা I
134. সঙ্গম যুগে নারীর অবস্থান সম্পর্কে নীচের কোন বক্তব্যটি সঠিক নয়?
(a) সামরিক শিবিরে রাজার সেবা করার জন্য নারীদের রক্ষী হিসেবে নিযুক্ত করা হত (b) সতীদাহ পালনকারী নারীরা খ্যাতি অর্জন করতেন (c) নারীদের সম্পত্তির মালিকানা ছিল বলে মনে হয় না (d) উচ্চ শ্রেণীর নারীরা পুরোহিত হিসেবে দায়িত্ব পালন করতেন
135. চোলদের রাজধানী ছিল কোথায়?
(a) কাঞ্চি (b) মহাবালিপুরম (c) কাভেরিপট্টিনম (d) তাঞ্জোর
136. মামল্লাপুরম কে প্রতিষ্ঠা করেন?
(a) ধর্মথী ভাম্মান (b) মহেন্দ্র ভাম্মান (c) কীর্তি বর্মণ (d) নরসিংহ বর্মণ
137. ভারতের সর্বোচ্চ বাঁধ কোনটি?
(a) তেহরি বাঁধ (b) ভাকরা নাঙ্গল বাঁধ (c) হিরাকুঁদ বাঁধ (d) নাগার্জুন সাগর বাঁধ
138. ভারতের কালো তুলা মাটি:
1. মূলত দাক্ষিণাত্য উপত্যকায় বিস্তৃত 2. দাক্ষিণাত্যের লাভা অঞ্চল 3. আর্দ্রতা ধরে রাখার ক্ষমতা প্রচুর, ভূপৃষ্ঠে অত্যন্ত উর্বর 4. দেশের মোট এলাকার প্রায় 10% দখল করে
সঠিক বিকল্পটি নির্বাচন করুন:
(a) 1, 2 এবং 3 (b) 1, 3 এবং 4 (c) 2 এবং 3 (d) 3 এবং 4
139. পিট মাটি ——— এ পাওয়া যায়?
(a) কেরালা (b) আসাম (c) মণিপুর (d) গুজরাট
140. ভারতীয় উপদ্বীপে শাল বনের সাধারণ এলাকা হল:
(a) পশ্চিমঘাট পর্বতমালায় (b) তাপ্তি ও নর্মদার মাঝখানে (c) গোদাবরীর উত্তর-পূর্বে (d) মালওয়া মালভূমিতে
141. নীচের রাজ্যগুলির মধ্যে কোন রাজ্যে সবচেয়ে বেশি বনভূমি রয়েছে?
(a) গুজরাট (b) কর্নাটক (c) ওড়িশা (d) তামিলনাড়ু
142. সংরক্ষিত বন একটি:
(a) সম্পূর্ণরূপে সরকারি নিয়ন্ত্রণাধীন (b) মূলত উপজাতিদের জন্য (c) সীমিত চারণভূমি-সহ বাণিজ্যিক ব্যবহারের জন্য নির্ধারিত (d) বন্যপ্রাণী সুরক্ষা
143. রেগুর মাটি নিম্নলিখিতগুলির মধ্যে একটির জন্য খুবই উপযুক্ত:
(a) পাট (b) কফি (c) তুলা (d) চা
144. ঋগ্বেদে উল্লিখিত যব শব্দটি কোন কৃষি পণ্যের জন্য ব্যবহৃত হয়েছে?
(a) চাল (b) গম (c) ছোলা (d) যব
145. উপনিষদ যুগের রাজা অশ্বপতি ছিলেন কীসের শাসক?
(a) পাঞ্চাল (b) সুরসেন (c) মৎস্য (d) কেকায়া
146. ঋগ্বেদের কোন মণ্ডলে দশ রাজার যুদ্ধের বর্ণনা দেওয়া হয়েছে?
(a) সপ্তম মণ্ডল (b) নবম মণ্ডল (c) পঞ্চম মণ্ডল (d) দ্বিতীয় মণ্ডল
147. ঋগ্বেদে নিম্নলিখিত কোন প্রাণীর কথা উল্লেখ করা হয়েছে?
1. গরু 2. ঘোড়া 3. ছাগল 4. মহিষ
(a) 1, 2, 3 এবং 4 (b) 1 এবং 2 (c) 1, 2 এবং 3 (d) 1 এবং 4
148. নিম্নলিখিত বিবৃতিগুলি বিবেচনা করুন:
1. দৈহিক সুরক্ষা এবং বস্তুগত লাভের জন্য দেবতাদের প্রসন্ন করার প্রার্থনা ঋগ্বৈদিক মানুষের প্রধান কাজ ছিল।
2. বিভিন্ন দেবতার কার্যাবলী ঋগ্বৈদিক সমাজের চাহিদাকে প্রতিফলিত করে।
উপরের কোন বিবৃতিটি সঠিক?
(a) 2 (b) 1 (c) কোনওটিই নয় (d) 1 এবং 2 উভয়ই
149. শেষ বৈদিক যুগে 'বিসমত্ত' শব্দটি নীচের অর্থে ব্যবহৃত হত:
(a) ব্যবসায়ী (b) কর আদায়কারী (c) পুরোহিত (d) রাজা
150. ঋগ্বেদের যুগের নীতির দেবতা কে ছিলেন?
(a) অগ্নি (b) বরুণ (c) রুদ্র (d) ইন্দ্র
151. প্রথম বৈদিক যুগে আইনের উৎস ছিল:
(a) ঐতিহ্য (b) বৈদিক সাহিত্য (c) প্রবীণদের অভিজ্ঞতা (d) সবক'টিই
152. 'আর্য' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?
(a) বক্তৃতা গোষ্ঠী (b) উচ্চতর জাতি (c) যাযাবর মানুষ (d) জাতিগত গোষ্ঠী
153. পরবর্তী বৈদিক যুগের ক্ষেত্রে নীচের কোন বিবৃতিটি সঠিক?
1. এই সময়ে লোহার ব্যাপক ব্যবহার হত।
2. প্রাথমিক বৈদিক যুগের দেবতা যেমন ইন্দ্র এবং অগ্নি পরবর্তী বৈদিক যুগে তাদের গুরুত্ব হারিয়ে ফেলেন।
3. প্রশাসনে বিদ্যমান পুরোহিত, সেনানী এবং গ্রামণী ছাড়াও বিপুল সংখ্যক নতুন কর্মকর্তা জড়িত ছিলেন।
নীচের বিকল্প থেকে উত্তরটি নির্বাচন করুন:
(a) 1 এবং 3 (b) 1 এবং 2 (c) 1, 2 এবং 3 (d) 2 এবং 3
154. ভারতীয় চিকিৎসার উৎপত্তির সঙ্গে নীচের কোনটি সম্পর্কিত?
(a) যজুর্বেদ (b) অথর্ববেদ (c) সামবেদ (d) ঋগ্বেদ
155. দশরাজন ছিল:
(a) দশ রাজার যুদ্ধ (b) এর কোনওটিই নয় (c) রাজ্য কর্তৃক প্রদত্ত যজ্ঞ (d) বিষ্ণুর দশ অবতার
156. ফল পাকানোর সময় নীচের কোনটি ব্যবহার করা হয়?
(a) ইথিলিন (b) অ্যাসিটিলিন (c) মিথেন (d) পলিভিনাইল ক্লোরাইড
157. রাইবোজোমগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কোন ক্ষেত্রে?
(a) সালোকসংশ্লেষণ (b) প্রোটিন সংশ্লেষণ (c) লিপিড সংশ্লেষণ (d) শ্বসন
158. বেশিরভাগ জীবাশ্ম পাওয়া যায়:
(a) গ্রানাইট (b) পাললিক শিলা (c) কালো মাটি (d) লাভা প্রবাহ
159. নীচের কোনটি সরীসৃপ?
(a) সালামান্ডার (b) কচ্ছপ (c) নিউট (d) হাঙর
160. ডারউইনের মতে প্রাকৃতিক নির্বাচনের একক হল:
(a) ব্যক্তি (b) পরিবার (c) জিন (d) প্রজাতি
161. Grub কীসের লার্ভা?
(a) পোকামাকড় (b) ক্রাস্টেসিয়া (c) বিটল (d) স্পঞ্জের
162. লুপ অফ হেনলি কোথায় অবস্থিত?
(a) কর্টেক্স (b) মেডুলা (c) রেনাল পেলভিস (d) মূত্রনালীতে
163. তেজস্ক্রিয়তার একক হল:
(a) প্ল্যাঙ্ক (b) আইনস্টাইন (c) কুরি (d) কোনওটিই নয়
164. পিতল হল:
(a) লোহা ও তামার সংকর ধাতু (b) তামা ও টিন (c) তামা এবং অ্যালুমিনিয়াম (d) তামা এবং দস্তা
165. চার্লস র‍্যান্ড-কে কে হত্যা করেন?
(a) দামোদর চাপেকার (b) বারীন্দ্র ঘোষ (c) যতীন্দ্রনাথ ব্যানার্জি (d) প্রফুল্ল চাকি
166. স্বরাজ দল 1919 সালের ভারত সরকার আইনের অধীনে সংস্কার প্রকল্পে অংশগ্রহণের সিদ্ধান্ত নেয়, কারণ:
(a) সরকার গঠনের মাধ্যমে তারা রাজনৈতিক অভিজ্ঞতা অর্জন করতে চেয়েছিল (b) আইনে প্রদত্ত সংস্কারের অসারতা প্রকাশ করতে চেয়েছিল (c) সরকারের সঙ্গে সহযোগিতা চেয়েছিল (d) কোনও পরিবর্তনকারী প্রভাব কমাতে চেয়েছিল
167. আইন অমান্য আন্দোলনের অংশ হিসেবে বন আইনের অবাধ্যতা ছিল:
(a) মাদ্রাসা প্রেসিডেন্সি এবং ওড়িশা (b) মহারাষ্ট্র, কর্নাটক এবং মধ্যপ্রদেশ (c) কেরালা, গুজরাট এবং আসাম (d) বাংলা এবং ওড়িশা
168. প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন:
(a) লালা লাজপত রায় (b) এস এ ডাঙ্গে (c) এম এম জোশী (d) বি শিব রাও
169. হিন্দুস্থান রিপাবলিকান অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠিত হয়েছিল:
(a) 1928 সালে (b) 1930 সালে (c) 1924 সালে (d) 1925 সালে
170. বাবা রামচন্দ্র কৃষকদের সংগঠিত করেছিলেন:
(a) অযোধ্যা (b) বিহার (c) বাংলা (d) অন্ধ্র
171. নেহরু রিপোর্ট (1928) প্রস্তুতকারী কমিটিতে লিবারেল ফেডারেশনের প্রতিনিধিত্ব করেছিলেন:
(a) এম আর জয়কর (b) তেজ বাহাদুর সাপ্রু (c) ভি এস শ্রীনিবাস শাস্ত্রী (d) এম এস এনি

#### উত্তর

108(d), 109(b), 110(d), 111(b), 112(c), 113(b), 114(b), 115(c), 116(c), 117(b), 118(c), 119(b), 120(c), 121(a), 122(c), 123(b), 124(a), 125(c), 126(c), 127(b), 128(b), 129(a), 130(d), 131(c), 132(a), 133(d), 134(d), 135(d), 136(a), 137(a), 138(a), 139(a), 140(c), 141(c), 142(c), 143(c), 144(d), 145(d), 146(a), 147(a), 148(d), 149(d), 150(b), 151(d), 152(b), 153(c), 154(b), 155(a), 156(a), 157(b), 158(b), 159(b), 160(d), 161(c), 162(b), 163(c), 164(d), 165(a), 166(b), 167(b), 168(a), 169(c), 170(a), 171(b).

এরপর আগামী সংখ্যায়
প্রস্তুত করেছেন: প্রণবেশ মণ্ডল

---


স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে

## ৫৪৮৮ গ্রুপ 'ডি'

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*


**সমাধান**

21(d):



3 : 7

$\therefore$ গোরুর সংখ্যা $= 20 \times \frac{3}{10} = 6$টি।

22(b): মিশ্রিত চিনির ক্রয়মূল্য $= \frac{80.30}{146} \times 100 = 55$ টাকা
মিশ্রিত চিনির বিক্রয়মূল্য = 80.3 টাকা




$\therefore 9 : 28.$

23(c): ধরি, পুত্রের বয়স = x
$\therefore$ পিতা ও মাতার বয়স যথাক্রমে 9x ও 8x
$\therefore 9x + 8x = 51$ বা, $17x = 51 \therefore x = 3$ বছর।

24(a): 3, 6, 9, 12, 15 এবং 18-এর ল.সা.গু = 180
$\therefore$ 30 মিনিট সময়ে ঘণ্টাগুলি একত্রে বাজবে $\frac{30 \times 60}{180} = 10$ বার।

25(c): $\sqrt{\frac{90 \times 100 \times 10}{9}} = \sqrt{10000} = 100.$


26(c): স্রোতের বেগ (y) = 6 কিমি/ঘণ্টা
প্রতিকূলে বেগ x – y = 16 কিমি/ঘণ্টা
$\therefore x = 16 + 6 = 22$
$\therefore$ অনুকূলে বেগ = (22 + 6) কিমি/ঘণ্টা = 28 কিমি/ঘণ্টা।

27(b): 10M + 8B = 4M + 20B
বা, 6M = 12B বা, 1M = 2B $\therefore$ 8M = 16B


28(a): মাছের ক্রয়মূল্য = 250 টাকা
ক্ষতি = 10%
$\therefore$ বিক্রয়মূল্য $= \left(250 \times \frac{90}{100}\right) = 225$ টাকা।

29(c): $-36 - 4 + \frac{36 \times 4}{100} = -38.56\%$
পার্থক্য = (40 – 38.56)% = 1.44%
$\therefore$ ছাড়ের পার্থক্য $= 500 \times \frac{1.44}{100} = 7.20$ টাকা।


30(b): দু'টি সংখ্যার অনুপাত = 4 : 5
ল.সা.গু = 100 $\therefore 4 \times 5 \times x = 100$
$\therefore x = \frac{100}{20} \therefore x = 5$
$\therefore$ সংখ্যা দু'টির যোগফল = (4 × 5 + 5 × 5) = (20 + 25) = 45.


31(d):



$\therefore$ অনিল গীতার মামাতো ভাই।

32(a):



$\therefore$ Y, P-এর কাকা।

33(d):



34(b):



35(c): (hot) brown tea ⇒ 1 2 (3)
very (hot) [day] ⇒ (3) [5] 6
[day] and night ⇒ [5] 8 9
$\therefore$ very = 6.

36(a): Anthropology.

37(b): বাদুড়।

38(d): $D \xrightarrow{+1} E \xrightarrow{+2} G \xrightarrow{+3} J \xrightarrow{+4} N \xrightarrow{+5} S.$

39(d): (2 × 3) + (4 × 5) = 26
(1 × 6) + (7 × 8) = 62
একইভাবে, (9 × 11)+ (3 × 17) = 150.

40(a): NATIONALISM শব্দটি থেকে NOMINAL শব্দটি তৈরি করা যাবে।

প্রস্তুত করেছেন: সুপর্ণা মণ্ডল

# কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার


যে-কোনও চাকরির পরীক্ষার প্রস্তুতিতে অপরিহার্য বিবিধ তথ্য।

## ভারতের ইতিহাসের ধারাবাহিক কালানুক্রম

| খ্রিস্টাব্দ | ঘটনা |
|---|---|
| ১৮২০ | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্ম।<br>রায়তওয়ারি ব্যবস্থা প্রবর্তন। |
| ১৮২২ | মহলওয়ারি ব্যবস্থার প্রবর্তন। |
| ১৮২৩ | 'কমিটি অব পাবলিক ইনস্ট্রাকশন' গঠন।<br>লর্ড আমহার্স্টকে লেখা রামমোহন রায়ের ঐতিহাসিক পত্র। |
| ১৮২৪ | প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের সূচনা। |
| ১৮২৬ | প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ শেষে ইয়ান্দাবোর সন্ধি। |
| ১৮২৭ | 'অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন' প্রতিষ্ঠা। |
| ১৮২৮ | (মতান্তরে ১৮২৯) 'ব্রাহ্মসভা' প্রতিষ্ঠা।<br>'পার্থেনন' পত্রিকা প্রকাশ। |
| ১৮২৯ | সতীদাহ প্রথার নিবারণ। |




| খ্রিস্টাব্দ | ঘটনা |
|---|---|
| ১৮৩০ | 'ব্রাহ্মসমাজ' প্রতিষ্ঠা। |
| ১৮৩১ | গভর্নর লর্ড বেন্টিঙ্কের সঙ্গে রণজিৎ সিংহের সন্ধি। |
| | হেনরি ডিরোজিও-র মৃত্যু। |
| ১৮৩৩ | রামমোহন রায়ের মৃত্যু। |
| ১৮৩৫ | ইংরেজি শিক্ষার বিস্তার সরকারি নীতিরূপে গৃহীত।<br>কলকাতা মেডিকেল কলেজ প্রতিষ্ঠা। |



| খ্রিস্টাব্দ | ঘটনা |
|---|---|
| ১৮৩৮ | শাহ সুজা, ইংরেজ ও রণজিৎ সিংহের মধ্যে ত্রিশক্তি মিত্রতা চুক্তি। |
| ১৮৩৯ | রণজিৎ সিংহের মৃত্যু।<br>'তত্ত্ববোধিনী সভা' প্রতিষ্ঠা। |
| ১৮৪৩ | 'তত্ত্ববোধিনী পত্রিকা' প্রকাশ। |
| ১৮৪৪ | লর্ড হার্ডিঞ্জের সংস্কারমূলক ঘোষণা। |
| ১৮৪৫ | প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধের সূচনা। |




| খ্রিস্টাব্দ | ঘটনা |
|---|---|
| ১৮৪৬ | লাহোরের সন্ধি। প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধের সমাপ্তি। |
| ১৮৪৮ | দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধের সূচনা।<br>'পরমহংস সমাজ' প্রতিষ্ঠা। |
| ১৮৪৯ | ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির আগ্রাসনের বিরুদ্ধে শিখনেতা শের সিংহের নেতৃত্বে চিলিয়ানওয়ালার যুদ্ধ। |
| ১৮৪৯ | ইঙ্গ-শিখ গুজরাটের যুদ্ধ। শিখ সেনার পরাজয়। |
| ১৮৫৩ | ভারতে প্রথম রেল চলাচল শুরু। |




| খ্রিস্টাব্দ | ঘটনা |
|---|---|
| ১৮৫৪ | চার্লস উডের শিক্ষা-সংক্রান্ত নির্দেশনামা। |
| ১৮৫৫ | পশ্চিমবঙ্গের রিষড়ায় প্রথম পাটকল প্রতিষ্ঠা। |
| ১৮৫৬ | বিধবা বিবাহ আইন প্রবর্তন। |
| ১৮৫৭ | কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা।<br>সিপাহী বিদ্রোহ। |




| খ্রিস্টাব্দ | ঘটনা |
|---|---|
| ১৮৭৫ | হেমন্ত কুমার ঘোষ ও শিশির কুমার ঘোষ 'ইন্ডিয়ান লিগ' প্রতিষ্ঠা করেন। |
| ১৮৭৬ | সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও আনন্দ মোহন বসু 'ভারত সভা' প্রতিষ্ঠা করেন। |
| ১৮৮৩ | ইন্ডিয়ান ন্যাশনাল কনফারেন্স প্রতিষ্ঠিত হয়। |
| ১৮৮৫ | জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠিত হয় এবং ৭২ জন প্রতিনিধি নিয়ে উমেশচন্দ্র ব্যানার্জির সভাপতিত্বে মুম্বইয়ে জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়। |
| ১৮৯২ | ভারত শাসন আইন। |
| ১৮৯৯ | কলকাতা কর্পোরেশন আইন। |
| ১৯০৫ | লর্ড কার্জন 'বঙ্গভঙ্গ' ঘোষণা করেন। |





| খ্রিস্টাব্দ | ঘটনা |
|---|---|
| | 'ইন্ডিয়ান হোমরুল সোসাইটি' প্রতিষ্ঠিত হয়। |
| ১৯০৭ | জাতীয় কংগ্রেসের সুরাট অধিবেশনে কংগ্রেস 'নরমপন্থী' ও 'চরমপন্থী' দলে ভাগ হয়ে যায়। |


| খ্রিস্টাব্দ | ঘটনা |
|---|---|
| ১৯০৮ | ৩০ এপ্রিল — কিংসফোর্ডের উদ্দেশে ক্ষুদিরাম বসুর বোমা নিক্ষেপ।<br>ক্ষুদিরামের ফাঁসি (১১ আগস্ট )। |



| খ্রিস্টাব্দ | ঘটনা |
|---|---|
| | আলিপুর বোমার মামলা শুরু। |
| ১৯০৯ | মর্লে-মিন্টো শাসন সংস্কার। |
| ১৯১১ | বঙ্গভঙ্গ রদ ঘোষণা (১১ ডিসেম্বর)।<br>ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লিতে স্থানান্তরিত হয়। |
| ১৯১২ | হার্ডিঞ্জের উপর বোমা নিক্ষেপ (২৩ ডিসেম্বর) । |
| ১৯১৩ | লালা হরদয়াল কর্তৃক 'গদর পার্টি' প্রতিষ্ঠা। |
| ১৯১৪ | প্রথম বিশ্বযুদ্ধের সূচনা। |
| ১৯১৫ | গান্ধীজির দক্ষিণ আফ্রিকা থেকে ভারতে প্রত্যাবর্তন। |



| খ্রিস্টাব্দ | ঘটনা |
|---|---|
| ১৯১৬ | গান্ধীজি কর্তৃক সবরমতী আশ্রম প্রতিষ্ঠা।<br>বাঘাযতীন ও ইংরেজের মধ্যে বুড়িবালামের যুদ্ধ (৯ সেপ্টেম্বর) ।<br>বোম্বাইয়ে প্রথম মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপন।<br>মুসলিম লিগ ও জাতীয় কংগ্রেস নেতৃত্বের মধ্যে ঐতিহাসিক 'লক্ষ্ণৌ চুক্তি' স্থাপন।<br>'হোমরুল লিগ' গঠন। |
| ১৯১৭ | গান্ধীজির চম্পারণ সত্যাগ্রহ।<br>স্যাডলার কমিশন গঠন। |
| ১৯১৮ | আহমেদাবাদে মিল শ্রমিকদের ধর্মঘট।<br>গুজরাটের খেড়ায় গান্ধীজির সত্যাগ্রহ।<br>খড়গপুরে রেল-শ্রমিক ধর্মঘট।<br>'মাদ্রাজ লেবার ইউনিয়ন' প্রতিষ্ঠা। |
| ১৯১৯ | মন্টেগু-চেমসফোর্ড-এর শাসন সংস্কার।<br>গান্ধীজির ডাকে ধর্মঘট (৬ এপ্রিল )।<br>জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড (১৩ এপ্রিল)। রবীন্দ্রনাথ ঠাকুরের 'নাইট' উপাধি প্রত্যাখ্যান (৩০ মে)। |



| খ্রিস্টাব্দ | ঘটনা |
|---|---|
| | বাল গঙ্গাধর তিলকের মৃত্যু (১ আগস্ট)।<br>সর্বভারতীয় খিলাফৎ অধিবেশনে গান্ধীজির সভাপতিত্ব (২৪ নভেম্বর)।<br>'রাওলাট আইন' প্রবর্তন। |

# এক্স-সার্ভিসমেন কনট্রিবিউটরি হেল্‌থ স্কিমে চাকরি

চিকিৎসক, প্যারামেডিক্যাল ও নন-মেডিক্যাল পদে ৪২ জনকে নেবে এক্স-সার্ভিসমেন কনট্রিবিউটরি হেল্‌থ স্কিম। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি প্রকল্প। কলকাতা, সল্টলেক, হাওড়া ও বারুইপুরের প্রকল্পাধীন পলিক্লিনিকগুলিতে নিয়োগ করা হবে। চুক্তির মেয়াদ প্রাথমিক ভাবে প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ১ বছর, সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১১ মাস। প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে চুক্তির মেয়াদ আরও ১ বছর বৃদ্ধি পেতে পারে।

নিয়োগ করা হবে এই সব পদে (বন্ধনীতে শূন্যপদ): গাইনিকোলজিস্ট (১টি), মেডিক্যাল অফিসার (৮টি), ডেন্টাল অফিসার (৪টি), নার্সিং অ্যাসিস্ট্যান্ট (৩টি), ডেন্টাল অ্যাসিস্ট্যান্ট/হাইজিনিস্ট/টেকনিশিয়ান (৫টি), ল্যাবরেটরি টেকনিশিয়ান (৩টি), ফার্মাসিস্ট (৩টি), ফিজিওথেরাপিস্ট (১টি), ডেটা এন্ট্রি অপারেটর/ক্লার্ক (১টি), ড্রাইভার (৩টি), ফিমেল অ্যাটেন্ড্যান্ট (৪টি), সাফাইওয়ালা (২টি), পিওন (২টি), চৌকিদার (২টি)।

বয়স: ১-৪-২০২৬ তারিখে পদ অনুযায়ী ৫৫ বছর থেকে ৭০ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে মার্চ মাসের প্রথম সপ্তাহে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.echs.gov.in

১৮ ফেব্রুয়ারির মধ্যে রেজিস্টার্ড পোস্টে প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Station Cell (ECHS), Headquarters Bengal Sub Area, 246 AJC Bose Road, Near SSKM Hospital, Alipore, Kolkata-27. অথবা সরাসরি এই ঠিকানায় গিয়েও দরখাস্ত জমা দিয়ে আসতে পারেন।

শিক্ষাগত যোগ্যতা-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ব্যাঙ্ক অব বরোদায় ২৭৩

*প্রথম পাতার পর*

করা থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে ডেপুটি ম্যানেজার পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছর ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। এমএসএমই লোন প্রোডাক্ট বিক্রির অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ডেপুটি ম্যানেজার পদের ক্ষেত্রে ২৪ থেকে ৩৪ বছরের মধ্যে এবং অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে ২২ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।

**ম্যানেজার (ক্রেডিট অ্যানালিস্ট) (এমএমজিএস-টু):** ৩৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সিএ বা সিএফএ বা সিএমএ অথবা ফিনান্সে এমবিএ বা পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট করা থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। সিএ বা সিএমএ যোগ্যতাসম্পন্নদের ২ বছরের অভিজ্ঞতা থাকলেই চলবে। এমএসএমই ক্রেডিট প্রসেসিংয়ের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২৫ থেকে ৩৪ বছরের মধ্যে হতে হবে।

১-২-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ম্যানেজার পদের ক্ষেত্রে ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও ডেপুটি ম্যানেজার পদের ক্ষেত্রে বেতন নির্ধারিত হবে আলোচনাসাপেক্ষে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, সাইকোমেট্রিক টেস্ট ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। ম্যানেজার পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে (বন্ধনীতে নম্বর): রিজনিং (২৫), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২৫) এবং সংশ্লিষ্ট বিষয় (১৫০)। সময় আড়াই ঘণ্টা। নেগেটিভ মার্কিং নেই। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই এবং পিডিএফ ফর্ম্যাটে জীবনপঞ্জি, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট ও দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে। দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ৫১৩৮

*প্রথম পাতার পর*

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময় কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, নথিপত্র যাচাই, লোকাল ল্যাঙ্গুয়েজ টেস্ট ও মেডিক্যাল-এক্সামিনেশনের মাধ্যমে। পরীক্ষা মার্চের প্রথম সপ্তাহে। পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস (২৫), জেনারেল ইংলিশ (২৫), কোয়ান্টিটেটিভ অ্যান্ড রিজনিং অ্যাপ্টিটিউড (২৫) ও কম্পিউটার নলেজ (২৫)। সময়সীমা ১ ঘণ্টা।

প্রার্থীকে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনওটির মাধ্যমে: www.apprenticeshipindia.gov.in, www.nats.education.gov.in

এরপর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bfsissc.com দরখাস্তের শেষ তারিখ ২৪ ফেব্রুয়ারি। আবেদনের সময় আপলোড করতে হবে প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো এবং শিক্ষাগত যোগ্যতা-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র।

ফি বাবদ অনলাইন দিতে হবে ৯৪৪ টাকা (মহিলাদের ক্ষেত্রে ৭০৮ টাকা এবং তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ২৩৬ টাকা)। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

হিন্দি ও ইংরেজিভাষী রাজ্যের আসনসংখ্যা-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.bfsissc.com। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: https://pnb.bank.in

RICE ADAMAS GROUP
WBCS 2023, Group A & B
এবারও সাফল্যের শীর্ষে রাইস-এর ছাত্রছাত্রীরা
RICE EDUCATION
সরকারি চাকরির স্বপ্ন পূরণের সেরা ঠিকানা

যখন অনেকেই WBCS অফিসার হওয়াকে অসম্ভব বলে মনে করে, তখন রাইস-এর অসংখ্য ছাত্রছাত্রী সহজেই প্রতি বছর তা সম্ভব করে দেখায়।
২৭.০১.২০২৬ তারিখে প্রকাশিত WBCS 2023, Group A & B-এর চূড়ান্ত ফলাফলে রাইস-এর ছাত্রছাত্রীদের বিপুল সাফল্যই প্রমাণ করে উন্নত প্রশিক্ষণ থাকলে কোনো পরিস্থিতিই সরকারি চাকরি পাওয়ার ক্ষেত্রে বাধা হতে পারে না।




Classroom | Online | Residential IAS | WBCS | PSC | SSC | Rail | Police | Bank | TET | Insurance

Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18051
Sealdah (City Office) 84799 17959 / 84799 18013

Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 | Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk : 84799 17957

RICE RESIDENTIAL
RICE Residential-এ নতুন ব্যাচের ভর্তি চলছে!
Residential Program available at Adamas Knowledge City, Barasat
Helpline 62921 90230 riceeducation.in

ricesmart | RICE RESIDENTIAL | RICE IAS | ADAMAS UNIVERSITY NAAC GRADE | Adamas | Adamas | adamas tech | Adamas KIDS

RICE Education-এর প্রাক্তন শিক্ষার্থী যারা এখনও সাফল্যের জন্য প্রস্তুতি নিচ্ছেন, আমরা আপনাদের পাশে আছি। আজই যোগাযোগ করুন!

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in